PB

গ্যাস পাইপলাইন নির্মাণ ঠিকাদার
শ্রেণী ১.৩ ও ১.৪-এর জন্য

# তালিকাভুক্তি তফসিল

অর্থ বৎসরঃ ২০১৮

বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
পেট্রোসেন্টার, ৩ কাওরানবাজার বা/এ, ঢাকা-১২১৫

## গ্যাস পাইপলাইন নির্মাণ ঠিকাদার
## শ্রেণী ১.৩ ও ১.৪-এর জন্য তালিকাভুক্তি তফসিল

### -ঃ সূচীপত্র ঃ-


| | | |
|---|---|---|
| পরিচ্ছেদ-১ | ভূমিকা | পৃঃ ৩-৪ |
| পরিচ্ছেদ-২ | তালিকাভুক্তির তফসিল | পৃঃ ৫-৬ |
| পরিচ্ছেদ-৩ | তালিকাভুক্তির শর্তাবলী | পৃঃ ৭-১৬ |
| পরিচ্ছেদ-৪ | আবেদনকারীর করণীয় | পৃঃ ১৭-২০ |
| পরিচ্ছেদ-৫ | তালিকাভুক্তি নবায়ন | পৃঃ ২১-২২ |

---

| | | |
|---|---|---|
| পরিশিষ্ট-১ | তালিকাভুক্তি/নবায়নের আবেদন ফরম | পৃঃ ২৩-২৭ |
| পরিশিষ্ট-২ | সাধারণ শর্তাবলী | পৃঃ ২৮-৫১ |
| পরিশিষ্ট-৩ | কারিগরী বিনির্দেশ (Technical Specification) | পৃঃ ৫২-১১১ |
| পরিশিষ্ট-৪ | নিরাপত্তা জামানত ফরম | পৃঃ ১১২-১১৩ |
| পরিশিষ্ট-৫ | ঠিকাদারদের স্বাক্ষর ও ছবি সংরক্ষণ ফরম | পৃঃ ১১৪-১১৫ |

# পরিচ্ছেদ-১

# ভূমিকা

## পরিচ্ছেদ-১

### ভূমিকা ঃ

পেট্রোবাংলার আওতাধীন গ্যাস বিপণন, বিতরণ, ট্রান্সমিশন ও উৎপাদন কোম্পানিতে গ্যাস পাইপলাইন নির্মাণ কাজের জন্য ৪ (চার) শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্ত করার কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। তন্মধ্যে ১.১ ও ১.২ শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্তি ভিন্ন তালিকাভুক্তি তফসিলের অর্ন্তগত। শুধুমাত্র ১.৩ ও ১.৪ শ্রেণীর ঠিকাদারগণের তালিকাভুক্তি অত্র তফসিলের আওতাভূক্ত। এই দুই শ্রেণীর ঠিকাদারের কাজের পরিধি হইবে নিম্নরূপ ঃ

### ১.৩ শ্রেণী ঃ

এই শ্রেণীর ঠিকাদারগণ পেট্রোবাংলা ও এর আওতাভুক্ত কোম্পানির নিজস্ব এবং গ্যাস ব্যবহারকারী বিভিন্ন সংস্থা/গ্রাহকের ১৫০ পিএসআইজি চাপ পর্যন্ত সকল ব্যাস বিশিষ্ট গ্যাস পাইপলাইন নির্মাণ/স্থাপন, ডিআরএস/সিএমএস/রেগুলেটিং এন্ড মিটারিং ষ্টেশন ইত্যাদিসহ (সর্বোচ্চ ১৫০ পিএসআইজি ইনলেট চাপ বিশিষ্ট) ও সমূদয় প্রাসঙ্গিক কার্য সম্পাদন করিতে পারিবেন। নির্মাণ কাজে ব্যবহারযোগ্য প্রয়োজনীয় সকল প্রকার যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ সরবরাহসহ এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট সার্ভিসসমূহ ঠিকাদার প্রদান করিবে।

### ১.৪ শ্রেণী ঃ

এই শ্রেণীভূক্ত ঠিকাদারগণ পেট্রোবাংলা ও এর আওতাভুক্ত কোম্পানির নিজস্ব এবং গ্যাস ব্যবহারকারী বিভিন্ন সংস্থা/গ্রাহকের ১৫০ পিএসআইজি এর উর্দ্ধ চাপ সম্পন্ন সকল ব্যাস বিশিষ্ট গ্যাস পাইপলাইন নির্মাণ/স্থাপন, সিজিএস/টিবিএস/ডিআরএস/ সিএমএস/রেগুলেটিং এন্ড মিটারিং ষ্টেশন ইত্যাদিসহ (১৫০ পিএসআইজি এর উর্দ্ধ ইনলেট চাপ বিশিষ্ট) ও সমূদয় প্রাসঙ্গিক কার্য সম্পাদন করিতে পারিবেন। নির্মাণ কাজে ব্যবহারযোগ্য প্রয়োজনীয় সকল প্রকার যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ সরবরাহসহ এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট সার্ভিসসমূহ ঠিকাদার প্রদান করিবে।

# পরিচ্ছেদ-২

# তালিকাভুক্তি তফসিল

## পরিচ্ছেদ-২

### তালিকাভুক্তি তফসিল ঃ

**নিম্নবর্ণিত দলিলপত্রের সমন্বয়ে তালিকাভুক্তি তফসিল গঠিত হইবে ঃ**

১। তালিকাভুক্তির শর্তাবলী (পরিচ্ছেদ-৩)
২। সাধারণ শর্তাবলী (পরিশিষ্ট-২)
৩। কারিগরী বিনির্দেশ (Technical Specification) (পরিশিষ্ট-৩)
৪। **নির্দিষ্ট কোন প্রকল্প/কাজের জন্য প্রযোজ্য ঃ**

৪.১। দরপত্র বিজ্ঞপ্তি, দরদাতাদের প্রতি নির্দেশাবলী, দরপত্রের বিশেষ শর্তাবলী, দরপত্রের সহিত সংশ্লিষ্ট দফা ও মূল্যের তফসিল, নিরাপত্তা জামানত ফরম (Performance Security Bond Form) এবং অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র ও অঙ্গীকারনামাসহ সম্পূর্ণ দরপত্র দলিল, তবে -

(ক) নির্দিষ্ট কোন প্রকল্প/কাজের দরপত্র দলিলের সাধারন শর্তাবলী ও কারিগরী বিনির্দেশ (Technical Specification)-এ যদি অত্র তফসিলের পরিশিষ্ট ২ ও ৩ এর অতিরিক্ত শর্তাবলী/বিনির্দেশ সংযোজন করা হয়, সেইক্ষেত্রে সংযোজিত শর্তাবলী/বিনির্দেশ ও তালিকাভুক্তি তফসিলের অর্ন্তভুক্ত বলিয়া বিবেচিত হইবে ;

(খ) নির্দিষ্ট কোন প্রকল্প/কাজের দরপত্র দলিলের সাধারণ শর্তাবলী ও কারিগরী বিনির্দেশ (Technical Specification)-এ কোন শর্ত/বিনির্দেশ পরিবর্তন/সংযোজন করা হইলে যদি সেই শর্ত/বিনির্দেশ অত্র তফসিলের পরিশিষ্ট ২ ও ৩ এর কোন শর্ত/বিনির্দেশ-এর সহিত সংঘাতপূর্ণ (Contradictory) হয়, সেইক্ষেত্রে দরপত্র দলিলে উল্লেখিত শর্ত/বিনির্দেশই কার্যকর হইবে; এবং

(গ) দরপত্র দলিলের কোন শর্ত/বিনির্দেশ-এর বক্তব্যের বিশ্লেষণ যদি ঠিকাদার ও কোম্পানীর প্রতিনিধির মধ্যে সংঘাতপূর্ণ হয়, সেইক্ষেত্রে কোম্পানির সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক কর্তৃক দরপত্র দলিলে উল্লেখিত এই শর্ত/বিনির্দেশ-এর বিশ্লেষণ-ই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

৪.২। কার্যাভিপ্রায়পত্র (Letter of Intent) ঃ

৪.৩। কার্যাদেশ/চুক্তিপত্র (Work Order/Contract)

# পরিচ্ছেদ-৩

# তালিকাভুক্তির শর্তাবলী

## পরিচ্ছেদ-৩

## তালিকাভুক্তির শর্তাবলী

### -ঃ সূচী পত্র ঃ-


| ক্রমিক নং | শর্তাবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | অভিজ্ঞতা | ০৯ |
| ২। | জনশক্তি | ০৯ |
| ৩। | যন্ত্রপাতি/সরঞ্জাম | ১২ |
| ৪। | তালিকাভুক্তি জামানত | ১২ |
| ৫। | বীমা | ১৩ |
| ৬। | কার্য নির্বাহ নিয়ন্ত্রন/পরিচালনা | ১৩ |
| ৭। | ধারা সংযোজন/বিয়োজন/পরিবর্তন | ১৩ |
| ৮। | তালিকাভুক্তি সাময়িক স্থগিতকরণ | ১৩ |
| ৯। | তালিকাভুক্তি বাতিল/কালো তালিকাভূক্তকরণ | ১৩-১৪ |
| ১০। | আবেদনপত্র বাতিলকরণ | ১৪ |
| ১১। | তালিকাভুক্তি নবায়ন | ১৪ |
| ১২। | নবায়ন বিরতি ও পুনঃতালিকাভুক্তি | ১৪ |
| ১৩। | মালিকানা হস্তান্তর | ১৫ |
| ১৪। | ঠিকানা পরিবর্তন | ১৫ |
| ১৫। | ফার্মের স্বত্তাধিকারী/অংশীদার/পরিচালকদের স্বাক্ষর ও ছবি সংরক্ষণ | ১৬ |
| ১৬। | তালিকাভুক্তি/নবায়ন সনদপত্র ইস্যুকরণ | ১৬ |

## পরিচ্ছেদ-৩

### তালিকাভুক্তির শর্তাবলী ঃ

৩.১। **অভিজ্ঞতা ঃ**

৩.১.১। পেট্রোবাংলার ১.৩ শ্রেণীর তালিকাভুক্তি গ্রহণে ইচ্ছুক ঠিকাদারী প্রতিষ্ঠান-এর পেট্রোবাংলার আওতাধীন যে কোন কোম্পানির অধীনে ১.২ শ্রেণীতে হালনাগাদ তালিকাভুক্তি থাকিতে হইবে এবং উক্ত শ্রেণীতে কমপক্ষে ৩ (তিন) বৎসর অবস্থানসহ আবেদনপত্র দাখিলের পূর্ববর্তী সময়ে ১.২ শ্রেণীতে শ্রেণীর আওতায় ন্যূনতম ০৩ (তিন) টি কার্য সন্তোষজনকভাবে সম্পাদনের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩.১.২। পেট্রোবাংলার ১.৪ শ্রেণীতে তালিকাভুক্তি গ্রহণে ইচ্ছুক ঠিকাদারী প্রতিষ্ঠান-এর পেট্রোবাংলার অধীনস্থ যে কোন কোম্পানিতে ১.৩ শ্রেণীতে হালনাগাদ তালিকাভুক্তি থাকিতে হইবে এবং উক্ত শ্রেণীতে কমপক্ষে ৩ (তিন) বৎসর অবস্থানসহ আবেদনপত্র দাখিলের পূর্ববর্তী সময়ে ১.৩ শ্রেণীর আওতায় ৫০ পিএসআইজি বা তদূর্ধ্ব চাপ বিশিষ্ট ২০০ মিঃ মিঃ (৮") বা তদূর্ধ্ব ব্যাসের ক্রমপুঞ্জিত (Cumulative) ন্যূনতম ৪ (চার) কিঃ মিঃ গ্যাস পাইপলাইন নির্মাণের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩.২। **১.৩ শ্রেণীর ঠিকাদারের জন্য জনশক্তি ঃ**

আবেদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত ন্যূনতম সার্বক্ষণিক জনশক্তি থাকিতে হইবে ঃ

| ক্রঃ নং | জনশক্তির বিবরণ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সংখ্যা |
|---|---|---|---|
| ১। | প্রকৌশলী | স্নাতক প্রকৌশলী অথবা গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন ডিপ্লোমা প্রকৌশলী। গ্যাস লাইন নির্মাণ সংক্রান্ত কার্য বিনির্দেশ, বাংলাদেশের ভৌগলিক জ্ঞান এবং প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালার বিষয়ে পর্যাপ্ত জ্ঞান থাকা আবশ্যক। | ১ জন |
| ২ | ফোরম্যান | গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কারিগরী জ্ঞান সম্পন্ন ন্যূনতম ট্রেড কোর্স/এইচএসসি/ডিপ্লোমা প্রকৌশলী সনদধারী হইতে হইবে। | ১ জন |
| ৩। | সুপারভাইজার | গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম ২(দুই) বৎসরের বাস্তব কারিগরী জ্ঞান সম্পন্ন ন্যূনতম ট্রেড কোর্স/এসএসসি সনদধারী হইতে হইবে। | ২ জন |
| ৪। | ওয়েল্ডার | ওয়েল্ডার হিসাবে পেট্রোবাংলার আওতাধীন যে কোন গ্যাস কোম্পানির সনদপ্রাপ্ত (এ/বি/সি/ডি গ্রেডভূক্ত) | ২ জন |
| ৫। | ফিটার | ফিটার হিসাবে পেট্রোবাংলার আওতাধীন যে কোন গ্যাস কোম্পানির সনদপ্রাপ্ত (এ/বি/সি গ্রেডভূক্ত) | ১ জন |
| ৬। | দক্ষ কারিগরী লোকজন | সংশ্লিষ্ট কাজে বাস্তব কারিগরী অভিজ্ঞতা সম্পন্ন। | প্রয়োজন অনুযায়ী |

৩.৩। **১.৪ শ্রেণীর ঠিকাদারের জন্য জনশক্তি ঃ**

আবেদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত ন্যূনতম সার্বক্ষণিক জনশক্তি থাকিতে হইবে ঃ

| ক্রঃ নং | জনশক্তির বিবরণ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সংখ্যা |
|---|---|---|---|
| ১। | প্রকল্প ব্যবস্থাপক | উচ্চ চাপ সম্পন্ন গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক প্রকৌশলী। | ১ জন |
| ২। | প্রকল্প প্রকৌশলী | গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম এক বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন স্নাতক প্রকৌশলী অথবা তিন বৎসর অভিজ্ঞতা সম্পন্ন ডিপ্লোমা প্রকৌশলী। | ২ জন |
| ৩। | পরিবেশ ও নিরাপত্তা বিষয়ক কর্মকতা | পরিবেশ ও নিরাপত্তা বিষয়ক বাস্তব পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে। | ১ জন |
| ৪। | ফোরম্যান | গ্যাস পাইপলাইন নির্মাণসহ ফেব্রিকেশন কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন ন্যূনতম ট্রেড কোর্স/এইচএসসি/ডিপ্লোমা প্রকৌশলী সনদধারী হইতে হইবে। | ২ জন |
| ৫। | সুপার ভাইজার | গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে ন্যূনতম ০২(দুই) বৎসরের বাস্তব কারিগরি জ্ঞান সম্পন্ন ন্যূনতম ট্রেড কোর্স/এসএসসি সনদধারী হইতে হইবে। | ২ জন |
| ৬। | ওয়েল্ডিং ইন্সপেক্টর | সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ওয়েল্ডিং ইন্সপেক্টরকে নূন্যতম এনডিটি সংক্রান্ত ফাউন্ডেশন কোর্স সম্পাদনকারী হইতে হইবে। | ১ জন |
| ৭। | ফিটার | ফিটার হিসাবে পেট্রোবাংলার আওতাধীন যে কোন গ্যাস কোম্পানির সনদপ্রাপ্ত (এ/বি গ্রেডভূক্ত) যাহাদের গ্যাস পাইপলাইন নির্মাণের মেকানিক্যাল ফেব্রিকেশন ও এতদসংক্রান্ত কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা রহিয়াছে। | ২ জন |
| ৮। | ওয়েল্ডার | ওয়েল্ডার হিসাবে পেট্রোবাংলার আওতাধীন যে কোন গ্যাস কোম্পানির সনদপ্রাপ্ত (এ/বি গ্রেডভূক্ত) অথবা আর্ন্তজাতিক লাইসেন্সধারী যাহাদের গ্যাস পাইপলাইনের ওয়েল্ডিং কাজে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞা আছে। নির্মাণ কাজ শুরুর পূর্বে কোম্পানি কর্তৃক ফিল্ড টেষ্টে উত্তীর্ণ হইতে হইবে। | ৪ জন |
| ৯। | দক্ষ কারিগরী লোকজন | সংশ্লিষ্ট কাজে বাস্তব কারিগরী অভিজ্ঞতা সম্পন্ন। | প্রয়োজন অনুযায়ী |

৩.৪। **১.৩ শ্রেণীর ঠিকাদারের জন্য যন্ত্রপাতি/সরঞ্জাম ঃ**

৩.৪.১। আবেদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানে ন্যূনতম নিম্নবর্ণিত যন্ত্রপাতি ও সরঞ্জাম নিজস্ব মালিকানায় সার্বক্ষণিক কার্যক্ষম অবস্থায় থাকিতে হইবে। কোম্পানির মনোনীত প্রতিনিধি ঠিকাদারের যন্ত্রপাতি ও সরঞ্জাম মালিকানার প্রমাণপত্রসহ যে কোন সময়ে পরীক্ষা করিবে।

প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা:

| ক্র.নং | যন্ত্রপাতি ও সরঞ্জামের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | ডিজেল ওয়েল্ডিং জেনারেটর সেট | ২ টি |
| ২ | ঘূর্ণায়নযোগ্য বেভেলিং মেশিন | ২ টি |
| ৩ | গ্রাইন্ডিং মেশিন | ২ টি |
| ৪ | হস্তচালিত কোটিং ও র‍্যাপিং মেশিন | ২ টি |
| ৫ | পাইপ কাটার মেশিন | ২ টি |
| ৬ | শিয়ারলেগ ও চেইন-পুলি | ৬ সেট |

| ক্র.নং | যন্ত্রপাতি ও সরঞ্জামের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ৭ | পাইপের ব্যাস অনুযায়ী এক্সটার্নাল লাইন আপ ক্ল্যাম্প (প্রতি ব্যাসের জন্য ১ টি) | ৭ টি |
| ৮ | টানা গাড়ী | ১ টি |
| ৯ | পানি নিষ্কাশন পাম্প | ৩ টি |
| ১০ | এয়ার কম্প্রেসর (২২৫ পিএসআইজি বা তদুর্দ্ধের) | ১ টি |
| ১১ | প্রেসার গেজ ঃ | |
| | ০-১০০ পিএসআইজি রেঞ্জ | ২ টি |
| | ০-৫০০ -ঐ- | ২ টি |
| | ০-২০০০ -ঐ- | ২ টি |
| ১২ | পাইপ রেঞ্জ, ভাইস, হ্যাক্স, ওয়্যারব্রাশ, ফাইল, পাইপ কাটার, হ্যামার, চিজেল, ওভার নাইট ষ্টপার, হেলমেট, গ্লাভস্ ইত্যাদি। | ১ লট |

৩.৪.২। এতদ্ব্যতীত, দরপত্রের সুনির্দিষ্ট চাহিদা অনুযায়ী উপরোক্ত ন্যূনতম যন্ত্রপাতি/সরঞ্জামের অতিরিক্ত এবং অন্যান্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জাম যথা সাইডবুম, ক্রেন, মোটিভ ইউনিট, হেভী পাইপ ট্রেইলর, বুলডোজার, পাইপ ক্লিনিং মেশিন, রোড বোরিং মেশিন, হেভি ফিলিং হাইড্রোষ্ট্যাটিক পাম্প, এয়ার কম্প্রেসর (৩৫০ পিএসআইজি), পাইপ ট্রেইলর, মাড পাম্প, কমপ্যাকশন ইকুইপমেন্ট ইত্যাদি সংশ্লিষ্ট দরপত্রের বিপরীতে দর দাখিলের সময় ঠিকাদার কর্তৃক নিজস্ব মালিকানাধীন অথবা অন্য কোন সংস্থার নিকট হইতে ভাড়ায় সংগ্রহক্রমে নিয়োজিতকরণের নিশ্চিয়তাপত্র দাখিল করিতে হইবে।

৩.৫। <u>১.৪ শ্রেণীর ঠিকাদারের জন্য যন্ত্রপাতি/সরঞ্জাম ঃ</u>

৩.৫.১। আবেদনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানে ন্যূনতম নিম্নবর্ণিত যন্ত্রপাতি ও সরঞ্জাম নিজস্ব মালিকানায় সার্বক্ষণিক কার্যক্ষম অবস্থায় থাকিতে হইবে। কোম্পানির মনোনীত প্রতিনিধি ঠিকাদারের যন্ত্রপাতি ও সরঞ্জাম মালিকানার প্রমাণপত্রসহ যে কোন সময়ে পরীক্ষা করিবে।

প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা:

| ক্র.নং | যন্ত্রপাতি ও সরঞ্জামের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | ডিজেল ওয়েল্ডিং জেনারেটর সেট (নিজ মালিকানায়) | ৬ টি |
| ২ | ঘুর্ণায়নযোগ্য বেভেলিং মেশিন (নিজ মালিকানায়) | ২ টি |
| ৩ | গ্রাইন্ডিং মেশিন (নিজ মালিকানায়) | ৪ টি |
| ৪ | সাইড বুম (নিজ মালিকানায়/ভাড়ায়) | ২ টি |
| ৫ | ব্যাক-হো/এক্সেভেটর (নিজ মালিকানায়/ভাড়ায়) | ২ টি |
| ৬ | বুল ডোজার (নিজ মালিকানায়/ভাড়ায়) | ২ টি |
| ৭ | কমপক্ষে ২০ টন ক্ষমতা সম্পন্ন ক্রেন (নিজ মালিকানায়/ভাড়ায়) | ১ টি |
| ৮ | রোড বোরিং মেশিন (নিজ মালিকানায়/ভাড়ায়) | ১ টি |
| ৯ | পাইপ বেন্ডিং মেশিন (নিজ মালিকানায়/ভাড়ায়) | ১ টি |
| ১০ | হাইড্রোস্ট্যাটিক টেস্টিং ফ্যাসিলিটিজ (নিজ মালিকানায়/ভাড়ায়) | ১ সেট |
| ১১ | হস্তচালিত কোটিং ও র‍্যাপিং মেশিন (নিজ মালিকানায়) | ২ টি |
| ১২ | পাইপ কাটার মেশিন (নিজ মালিকানায়) | ২ টি |
| ১৩ | শিয়ারলেগ ও চেইন-পুলি (নিজ মালিকানায়) | ৬ সেট |
| ১৪ | পাইপের ব্যাস অনুযায়ী কম্প্রেসরসহ বায়ু চালিত অভ্যন্তরীণ লাইন আপ ক্ল্যাম্প (ন্যূনতম ২০" ব্যাসের) (নিজ মালিকানায়) | ১ টি |
| ১৫ | পাইপের ব্যাস অনুযায়ী এক্সটার্নাল লাইন আপ ক্ল্যাম্প (ন্যূনতম ২০" ব্যাসের) (নিজ মালিকানায়) | ২ টি |

| ক্র.নং | যন্ত্রপাতি ও সরঞ্জামের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১৬ | ট্রাক্টর/টুইন ভেহিকল (নিজ মালিকানায়) | ২ টি |
| ১৭ | পানি নিষ্কাশন পাম্প/মাড পাম্প (নিজ মালিকানায়) | ৪ টি |
| ১৮ | এয়ার কম্প্রেসর (নিজ মালিকানায়)<br>(ন্যূনতম ২২৫ পিএসআইজি বা তদুর্দ্ধের) | ১ টি |
| ১৯ | প্রেসার গেজ ঃ | |
| | ০-১০০ পিএসআইজি রেঞ্জ | ২ টি |
| | ০-৫০০ -ঐ- | ২ টি |
| | ০-২০০০ -ঐ- | ২ টি |
| ২০ | পাইপ রেঞ্জ, ভাইস, হ্যাক্স, ওয়্যারব্রাশ, ফাইল, পাইপ কাটার, হ্যামার, চিজেল, ওভার নাইট ষ্টপার, হেলমেট, গ্লাভস্ ইত্যাদি। | ১ লট |

৩.৫২। এতদ্ব্যতীত, দরপত্রের সুনির্দিষ্ট চাহিদা অনুযায়ী উপরোক্ত ন্যূনতম যন্ত্রপাতি/সরঞ্জামের অতিরিক্ত এবং অন্যান্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জাম যথা সাইডবুম, ক্রেন, মোটিভ ইউনিট, হেভী পাইপ ট্রেইলর, বুলডোজার, পাইপ ক্লিনিং মেশিন, রোড বোরিং মেশিন, হেভি ফিলিং হাইড্রোষ্ট্যাটিক পাম্প, এয়ার কম্প্রেসর (৩৫০ পিএসআইজি), পাইপ ট্রেইলর, মাড পাম্প, কমপ্যাকশন ইকুইপমেন্ট ইত্যাদি সংশ্লিষ্ট দরপত্রের বিপরীতে দর দাখিলের সময় ঠিকাদার কর্তৃক নিজস্ব মালিকানাধীন অথবা অন্য কোন সংস্থার নিকট হইতে ভাড়ায় সংগ্রহক্রমে নিয়োজিতকরণের নিশ্চিয়তাপত্র দাখিল করিতে হইবে।

৩.৬। <u>ঠিকাদারী প্রতিষ্ঠানের জন্য আর্থিক স্বচ্ছলতা ঃ</u>

১.৩ শ্রেণীর জন্য ১০ (দশ) লক্ষ টাকা এবং ১.৪ শ্রেণীর জন্য ন্যূনতম ২৫ (পঁচিশ) লক্ষ টাকা বিনিয়োগ করিতে সক্ষম এই মর্মে সংশ্লিষ্ট ব্যাংক হইতে সনদপত্র দাখিল করিতে হইবে।

৩.৭। <u>তালিকাভুক্তি জামানত ঃ</u>

ঠিকাদার পেট্রোবাংলা সংশ্লিষ্ট কোম্পানির অধীনে বিভিন্ন পাইপলাইন নির্মাণ কাজে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করায় তাহার ইচ্ছার যথার্থতা প্রতিপন্ন এবং তালিকাভুক্ত থাকা অবস্থায় ঠিকাদারের কার্যাবলী কোম্পানি কর্তৃক নিয়ন্ত্রণের লক্ষ্যে তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদারকে নিম্নবর্ণিত হারে তালিকাভুক্তি জামানত নগদ টাকায়/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে কোম্পানির নিকট জমা রাখিতে হইবে ঃ

| শ্রেণী | তালিকাভুক্তি জামানত |
|---|---|
| ১.৩ | টাঃ ৬০,০০০.০০ (টাকা ষাট হাজার) মাত্র। |
| ১.৪ | টাঃ ৭৫,০০০.০০ (টাকা পঁচাত্তর হাজার) মাত্র। |

জামানতের উল্লেখিত হার পেট্রোবাংলার বিবেচনায় সময় সময় পরিবর্তনযোগ্য। কোন ঠিকাদার তালিকাভুক্তি বাতিলের জন্য আবেদন করিলে তাহার নিকট কোম্পানির কোন পাওনা না থাকিলে এই জামানতের টাকা ফেরত দেওয়া হইবে; তবে কোন অবস্থায় জামানতের টাকার উপর কোম্পানি কর্তৃক কোন সুদ প্রদান করা হইবে না। ঠিকাদার কর্তৃক তালিকাভুক্তি তফসিলভূক্ত যে কোন অংশের কোন ধারা লংঘনের দায়ে তাহার তালিকাভুক্তি বাতিল করা হইলে অথবা ঠিকাদারকে কালো তালিকাভুক্ত করা হইলে এই জামানতের টাকা বাজেয়াপ্ত করা যাইবে।

৩.৮। <u>বীমা ঃ</u>

৩.৮.১। তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদারকে মনোনয়ন কাল হইতে পরবর্তী নবায়ন পর্যন্ত মেয়াদকালের জন্য তৃতীয় পক্ষের বীমা দায় পলিসি গ্রহণ করিতে হইবে। প্রতিটি দূর্ঘটনার জন্য তৃতীয় পক্ষের বীমার দায় হইবে ন্যূনতম টাঃ ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ) মাত্র। এই ক্ষেত্রে দূর্ঘটনার সংখ্যা সীমিত নহে।

৩.৮.২। কার্যনির্বাহের ক্ষেত্রে তালিকাভুক্ত ঠিকাদারকে প্রতিটি প্রকল্প/কাজের চুক্তি স্বাক্ষরের/কার্যাদেশ গ্রহণের পূর্বে অবশ্যই শ্রমিক ক্ষতিপূরণ বীমা পলিসি দাখিল করিতে হইবে।

৩.৯। <u>কার্যনির্বাহ নিয়ন্ত্রণ/পরিচালনা ঃ</u>

কোম্পানিতে তালিকাভুক্ত থাকাকালীন ঠিকাদারের সংশ্লিষ্ট সকল কার্যনির্বাহ তালিকাভুক্তি তফসিল (পরিচ্ছেদ-২ দ্রষ্টব্য) দ্বারা পরিচালিত/নিয়ন্ত্রিত হইবে।

৩.১০। <u>ধারা সংযোজন/বিয়োজন/পরিবর্তন ঃ</u>

পেট্রোবাংলা/কোম্পানি নিজস্ব বিবেচনায় প্রয়োজন অনুযায়ী সময় সময় তালিকাভুক্তি তফসিলের অন্তর্গত যে কোন পরিচ্ছেদ/পরিশিষ্ট এর যে কোন শর্ত/ধারা/উপ-ধারা/অংশের পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন অথবা কোন শর্ত/ধারা/উপ-ধারা সংযোজন অথবা বিয়োজন করিতে পারিবে, যাহা ঠিকাদার মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

৩.১১। <u>তালিকাভুক্তি সাময়িক স্থগিত করণ ঃ</u>

ঠিকাদার কর্তৃক দরপত্র দলিলে প্রদত্ত তথ্যাবলী অসত্য প্রমাণিত হইলে অথবা ঠিকাদার কর্তৃক যে কোন সময়ে দাখিলকৃত যে কোন কাগজপত্র জাল প্রমাণিত হইলে অথবা অন্যান্য ক্ষেত্রে কোম্পানিকে অসত্য তথ্য প্রদান করিলে অথবা ঠিকাদার স্বীয় ঠিকানা পরিবর্তন করিয়া পরিবর্তনের ১০ (দশ) দিনের মধ্যে উহা কোম্পানিকে লিখিতভাবে অবহিত না করিলে অথবা কোম্পানিতে সর্বশেষ রেকর্ডভূক্ত ঠিকানায় সরেজমিনে ফার্মের অফিস না পাওয়া গেলে এবং/অথবা কোম্পানির নিজস্ব বিবেচনায় ঠিকাদার বা তাহার প্রতিনিধি কর্তৃক কার্য নির্বাহে কোন প্রকার অবহেলা, কোন প্রকল্পে নিয়োজিত ঠিকাদার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক প্রকৌশলী কিংবা তাহার প্রতিনিধির সহিত অসদাচরন, চুক্তির অধীনে কার্য সম্পাদনে বা উদ্বৃত্ত মালামাল ফেরত প্রদানে দীর্ঘসূত্রিতা অথবা অন্য যে কোন প্রকার নিয়ম বহির্ভূত কার্যসহ চুক্তির যে কোন ধারা/শর্ত লংঘনের দায়ে উক্ত ধারা মোতাবেক গৃহীত ব্যবস্থার অতিরিক্ত হিসাবে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হইতে জরিমানা আদায়সহ বা ব্যতিরেকে তাহার তালিকাভুক্তি সাময়িকভাবে স্থগিত রাখা যাইবে। তালিকাভুক্তি সাময়িক স্থগিতকরণের সময়সীমা এবং জরিমানার পরিমাণ সম্পূর্ণরূপে কোম্পানির নিজস্ব বিবেচনায় নির্ধারিত হইবে। সাময়িক স্থগিতকরণের এই ধারা আরোপনের ফলে সাধারণ শর্তাবলী বা দরপত্র দলিলের যে কোন ধারায় বা শর্তে বর্ণিত দায় হইতে সংশ্লিষ্ট ঠিকাদার অব্যাহতি পাইবে না। এই বিষয়ে কোম্পানি কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্তরূপ সিদ্ধান্ত গ্রহণ ও উহা বাস্তবায়নের অধিকার কোম্পানি কর্তৃক সংরক্ষিত থাকিবে।

৩.১২। <u>তালিকাভুক্তি বাতিল/কালো তালিকাভুক্তকরণ ঃ</u>

ঠিকাদার কর্তৃক প্রকল্প/কার্য সম্পাদনে অস্বাভাবিক বিলম্ব কিংবা কার্য সম্পাদনে ব্যর্থতা/কার্য ও মালামাল সংক্রান্ত যে কোন প্রকার তঞ্চকতা অথবা জালিয়াতি, মালামালের অবৈধ ব্যবহার/হস্তান্তর কোম্পানির লিখিত অনুমোদন ব্যতীত অবৈধভাবে কোম্পানির পাইপলাইন, রাইজার, আরএমএস ইত্যাদি পরিবর্তন/নির্মাণ/স্থানান্তর/বর্ধিতকরণ/ অপসারণ/স্থায়ী বন্ধকরণ/কোম্পানি কর্তৃক বিচ্ছিন্নকৃত যে কোন প্রকার গ্রাহকের অননুমোদিত গ্যাস সংযোগ প্রদান/কোম্পানির যে কোন স্থাপনার ক্ষতিসাধন বা উক্ত যে কোন কাজের প্রচেষ্টা গ্রহণ/দরপত্র বিক্রয়, ক্রয় বা দরপত্র দাখিলে বিঘ্ন সৃষ্টি/১.৩ ও ১.৪ শ্রেণীভূক্ত কাজের জন্য কোম্পানির আহবানকৃত দরপত্র সমূহের মধ্যে আবেদনপত্র দাখিলের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরে ন্যূনতম তিনটি দরপত্রে অংশগ্রহণে ব্যর্থতা অথবা ন্যূনতম একটি প্রকল্প (কোম্পানির নিজস্ব বা গ্রাহক ব্যয়ে) সাফল্যজনকভাবে সম্পাদনে ব্যর্থতা/কোম্পানিতে নিম্নতর শ্রেণীসমূহে বা পেট্রোবাংলার অপর যে কোন কোম্পানির অধীনে যে কোন শ্রেণীর তালিকাভুক্তি বাতিল বা কালো তালিকাভুক্তি বা

সাসপেনসন কার্যকর থাকিলে/ঠিকাদার কর্তৃক কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারীকে আর্থিক সুবিধা প্রদান/উহার জন্য অঙ্গীকার বা প্রলোভিতকরণ অথবা ঠিকাদার কর্তৃক অন্য যে কোন ধরনের নিয়ম বহির্ভূত কাজের জন্য কোম্পানির নিজস্ব বিবেচনায় জরিমানা আদায়সহ বা ব্যতিরেকে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল এবং উপযুক্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্তি করা যাইবে। এই ধারা আরোপনের ফলে সাধারণ শর্তাবলী ও দরপত্র দলিলের যে কোন ধারায় বা শর্তে বর্ণিত দায় হইতে সংশ্লিষ্ট ঠিকাদার অব্যাহতি পাইবে না। এই বিষয়ে সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্তরূপ সিদ্ধান্ত গ্রহণ ও উহা বাস্তবায়নের অধিকার কোম্পানি কর্তৃক সংরক্ষিত থাকিবে।

৩.১২.১। কোন ঠিকাদারী প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হইলে তাহার জামানত বাতিলসহ প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বলিয়া গণ্য হইবে।

৩.১৩। <u>আবেদনপত্র বাতিলকরণ ঃ</u>

নিম্নবর্ণিত যে কোন কারনে তালিকাভুক্তির আবেদনপত্র সরাসরি বাতিলযোগ্য এবং সেই পরিস্থিতিতে কোন ক্ষেত্রেই ঠিকাদারের অজ্ঞতার অজুহাত গ্রহণযোগ্য বিবেচিত হইবে না।

(ক) আবেদন ফরম যথাযথ ও সম্পূর্ণভাবে পূরণ না করিয়া দাখিল করিলে অথবা
(খ) তালিকাভুক্তির যে কোন শর্তে অসম্মতি জ্ঞাপন করিলে; অথবা
(গ) তালিকাভুক্তির শর্তানুযায়ী কোন চাহিদা পূরণে ব্যর্থ হইলে; অথবা
(ঘ) অসত্য তথ্য প্রদান করিলে; অথবা
(ঙ) আবেদনকারী ঠিকাদার পূর্ববর্তী নিম্নতর শ্রেণীতে তালিকাভুক্ত থাকাকালীন কোন কারণে খেলাপকারী বলিয়া পরিগণিত হইলে এবং/অথবা তালিকাভুক্তি বাতিল/কালো তালিকাভুক্ত হইলে।

৩.১৪। <u>তালিকাভুক্তি নবায়ন ঃ</u>

তালিকাভুক্ত ঠিকাদারকে কোম্পানির নির্ধারিত সময়ে পরিচ্ছেদ-৫ মোতাবেক তালিকাভুক্তি নবায়ন করিয়া নবায়ন সনদপত্র গ্রহণপূর্বক নবায়নের ধারাবাহিকতা বজায় রাখিতে হইবে। কোন তালিকাভুক্ত ঠিকাদার কোম্পানির নির্ধারিত সময়ে তালিকাভুক্তি নবায়নের সকল আনুষ্ঠানিকতা যথাযথভাবে সম্পন্ন না করিলে সংশ্লিষ্ট তালিকাভুক্তি স্বাভাবিকভাবেই বাতিল হইয়া যাইবে। এইরূপ তালিকাভুক্তি বাতিল হওয়া কোন প্রতিষ্ঠানের বিপরীতে অতীতের কোন প্রকল্প/কার্য সম্পাদন বিষয়ক দায়বদ্ধতা থাকিলে উহা হইতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অব্যাহতি পাইবে না।

৩.১৫। <u>নবায়ন বিরতি ও পুনঃ তালিকাভুক্তিঃ</u>

নিম্নবর্ণিত শর্ত পূরণ এবং তালিকাভুক্তি কমিটির অনুমোদন সাপেক্ষে নবায়ন বিরতি দেওয়া ঠিকাদারী প্রতিষ্ঠানকে পুনঃ তালিকাভুক্ত/নবায়ন করা যাইতে পারে। এইক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(ক) অতীতে তালিকাভুক্ত থাকাকালীন কোম্পানির সহিত কোন অনিষ্পত্তিকৃত বিষয় বিদ্যমান থাকিলে উহা নিষ্পত্তি করিয়া প্রমাণপত্র দাখিল করিতে হইবে।
(খ) অতীতে তালিকাভুক্ত থাকাকালীন খেলাপী সাব্যস্ত হয় নাই, কোম্পানির সংশ্লিষ্ট বিভাগসমূহ হইতে এই মর্মে সংগৃহীত হালনাগাদ প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।
(গ) কোম্পানির নিকট গ্রহণযোগ্য নবাযন বিরতির কারণ দর্শাইতে হইবে।
(ঘ) তালিকাভুক্তি/নবায়নের শর্তাবলী পূরণ করিতে হইবে।
(ঙ) পুনঃতালিকাভুক্তি/নবায়নের জন্য মনোনীত ঠিকাদারগণকে অতীতে সর্বশেষ প্রাপ্ত নবায়ন মেয়াদ কালের পর হইতে হালনাগাদ পর্যন্ত সমুদয় নবায়ন ফি এবং সংশ্লিষ্ট শ্রেণীর জন্য নির্ধারিত তালিকা ভূক্তি ফি'র সমপরিমান টাকা জরিমানা হিসাবে প্রদান করিতে হইবে।

৩.১৬। মালিকানা হস্তান্তর ঃ

তালিকাভুক্ত যে কোন ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকানা হস্তান্তর করা যাইবে। তবে হস্তান্তরকালীন সময়ে ফার্মে বিদ্যমান জনশক্তি, যন্ত্রপাতি ও সরঞ্জাম অপরিবর্তিত রাখিয়া উক্ত মালিকানা হস্তান্তর করিতে হইবে। এই ক্ষেত্রে ফার্ম বিক্রয়ের পূর্বে বিক্রেতাকে পেট্রোবাংলা/সংশ্লিষ্ট কোম্পানির নিকট হইতে পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে। অতঃপর দেশের প্রচলিত আইন মোতাবেক মালিকানা হস্তান্তরের জন্য প্রয়োজনীয় যাবতীয় দলিলাদি/কাগজপত্রসহ অনুমোদনের জন্য পেট্রোবাংলা/সংশ্লিষ্ট কোম্পানি বরাবরে আবেদন দাখিল করিতে হইবে। কোম্পানি তা পরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সুপারিশসহ পেট্রোবাংলায় প্রেরণ করবে। পেট্রোবাংলার সম্মতিক্রমে কোম্পানি পরবর্তী কার্যক্রম সম্পাদন করবে। হস্তান্তরকালীন সময়ে ফার্মে বিদ্যমান জনশক্তি, যন্ত্রপাতি ও সরঞ্জাম অপরিবর্তিত না রাখিয়া মালিকানা হস্তান্তর করিলে সংশ্লিষ্ট ফার্মের তালিকাভুক্তি কার্যকর থাকিবে না।

মালিকানা হস্তান্তরের বিষয়ে কোম্পানির অনুমোদন প্রাপ্তির পর ঠিকাদারকে নিম্নবর্ণিত হারে হস্তান্তর ফি (অফেরৎযোগ্য) নগদ টাকায় জমা প্রদান করিতে হইবে।

| শ্রেণী | মালিকানা হস্তান্তর ফি |
|---|---|
| ১.৩ | টাঃ ৫০,০০০.০০ (টাকা পঞ্চাশ হাজার) মাত্র। |
| ১.৪ | টাঃ ৭৫,০০০.০০ (টাকা পঁচাত্তর হাজার) মাত্র। |

৩.১৭। ঠিকানা পরিবর্তন ঃ

আবেদনকারী ঠিকাদার আবেদনপত্রে ফার্মের হালনাগাদ ঠিকানা উল্লেখ করিবেন। পরবর্তীতে ফার্মের ঠিকানা পরিবর্তন হইলে উহা পরিবর্তনের ১০ (দশ) দিনের মধ্যে ঠিকাদার পরিবর্তিত ঠিকানা কোম্পানিকে লিখিতভাবে অবহিত করিবেন। উহাতে ব্যর্থ হইলে অথবা কোম্পানিতে সর্বশেষ রেকর্ডভূক্ত ঠিকানায় সরেজমিনে ফার্মের অফিস না পাওয়া গেলে সংশ্লিষ্ট ফার্মের তালিকাভুক্তি সাময়িকভাবে স্থগিত রাখা হইবে।

৩.১৮। ফার্মের স্বত্তাধিকারী/অংশীদার/পরিচালকগণের স্বাক্ষর ও ছবি সংরক্ষণ ঃ

তালিকাভুক্ত থাকাকালীন ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপত্র, বিল বা অন্যান্য কাগজপত্রে ঠিকাদারদের স্বাক্ষরের সঠিকতা যাচাইসহ ঠিকাদারদের কার্যক্রম সুষ্ঠু নিয়ন্ত্রণের লক্ষ্যে কোম্পানিতে পৃথকভাবে সংরক্ষণের জন্য ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্তাধিকারী, অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারগণ এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিচালকগণের স্বাক্ষর ও সদ্য তোলা ছবি (যাহার ছবি তাহার স্বাক্ষরযুক্ত) পরিশিষ্ট-৫ এ প্রদান করিতে হইবে। ছবি অবশ্যই সরকারী কোন গেজেটেড কর্মকর্তা বা পেট্রোবাংলা অথবা পেট্রোবাংলার আওতাধীন কোম্পানি সমূহের ন্যূনতম ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

৩.১৯। তালিকাভুক্তি/নবায়ন সনদপত্র ইস্যুকরণঃ

নতুন তালিকাভুক্তি ও তালিকাভুক্তি নবায়নের জন্য চূড়ান্তভাবে মনোনীত ঠিকাদারী প্রতিষ্ঠানকে কোম্পানি কর্তৃক সনদপত্র ইস্যু করা হইবে। বিশেষ প্রয়োজনে ঠিকাদারদের আবেদনক্রমে এবং হিসাব বিভাগে প্রতি সার্টিফিকেটের জন্য নগদ টাকা ৫০০.০০ (পাঁচ শত) মাত্র জমা প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদারগণকে মূল সনদপত্রের English Version ইস্যু করা হইবে।

পরিচ্ছেদ-৪

# আবেদনকারীর করণীয়

## - ঃ সূচীপত্র ঃ-


| | | |
|---|---|---|
| ১। | আবেদনপত্র পূরণ | পৃঃ ১৭ |
| ২। | আবেদনপত্রের সহিত দলিল দস্তাবেজ দাখিল | পৃঃ ১৭ |
| ৩। | তালিকাভুক্তি ফিস জমা প্রদান | পৃঃ ১৮ |
| ৪। | তালিকাভুক্তি তফসিলে সম্মতিজ্ঞাপন ও স্বাক্ষর প্রদান | পৃঃ ১৯ |

## পরিচ্ছেদ-৪

## আবেদনকারীর করণীয়

৪.১। **আবেদনপত্র পূরণঃ**

৪.১.১। কোম্পানির ১.৩ ও ১.৪ শ্রেণীতে তালিকাভুক্তি গ্রহণে আগ্রহী ঠিকাদারকে নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ করিতে হইবে।

৪.১.২। ঠিকাদার অবশ্যই ফরমের বিবরণ মোতাবেক সকল তথ্যাবলী এবং তালিকাভুক্তির শর্তাবলীসহ সম্পূর্ণ তালিকাভুক্তি তফসিল পুংখানুপুংখভাবে অবগত হইয়া আবেদনপত্র দাখিল করিবেন।

৪.১.৩। আবেদনকারী ঠিকাদার আবেদন ফরমের প্রতিটি অংশ বিস্তাবিত ও শুদ্ধভাবে পূরণ করিবেন।

৪.২। **আবেদনপত্রের সঙ্গে দলিল দস্তাবেজ দাখিল**

আবেদনকারী ঠিকাদারকে আবেদন ফরমের সংগে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্র/দলিলপত্র/সনদপত্র দাখিল করিতে হইবে। যাচাইয়ের প্রয়োজনে কোম্পানি ঠিকাদারের দাখিলকৃত কাগজপত্রের মূলকপি জমা চাহিবে।

৪.২.১। তালিকাভুক্তি তফসিল।

| | | |
|---|---|---|
| ৪.২.২। | ক) ১.২ শ্রেণীতে হালনাগাদ তালিকাভুক্তি সনদপত্রের সত্যায়িত ফটোকপি।<br>খ) ১.২ শ্রেণীতে ন্যূনতম ৩ (তিন) বৎসর অবস্থানের স্বপক্ষে প্রমাণপত্র।<br>গ) ১.২ শ্রেণীতে তালিকাভুক্ত থাকাকালীন সম্পাদিত কার্য অভিজ্ঞতার প্রমাণপত্র। | (পরিচ্ছেদ-৩ এর শর্ত নং ৩.১.১ অনুযায়ী) শুধুমাত্র ১.৩ শ্রেণীর তালিকাভুক্তির জন্য প্রযোজ্য। |
| ৪.২.৩। | ক) ১.৩ শ্রেণীতে হালনাগাদ তালিকাভুক্তি সনদপত্রের সত্যায়িত ফটোকপি।<br>খ) ১.৩ শ্রেণীতে ন্যূনতম ৩ (তিন) বৎসর অবস্থানের স্বপক্ষে প্রমাণপত্র।<br>গ) ১.৩ শ্রেণীতে তালিকাভুক্ত থাকাকালীন সম্পাদিত কার্য অভিজ্ঞতার প্রমাণপত্র। | (পরিচ্ছেদ-৩ এর শর্ত নং ৩.১.২ অনুযায়ী) শুধুমাত্র ১.৪ শ্রেণীর তালিকাভুক্তির জন্য প্রযোজ্য। |
| ৪.২.৪। | ক) জনশক্তি তালিকায় অন্তর্ভূক্ত প্রকৌশলী ও ফোরম্যানের প্রত্যেকের এক কপি ছবিসহ তাহাদের নিয়োগপত্র ও সনদপত্রের সত্যায়িত (স্বত্তাধিকারী বা যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কতৃক) কপি।<br>খ) ওয়েল্ডার ও ফিটারদের নিয়োগের বিষয়ে গ্যাস কোম্পানি কর্তৃক হালনাগাদ ইস্যুকৃত সনদের সত্যায়িত কপি। | পরিচ্ছেদ-৩ এর ৩.২ ও ৩.৩ ধারার শর্ত অনুযায়ী। |

৪.২.৫। আবেদনপত্র দাখিলের তারিখ হইতে সর্বাধিক ১ মাস পূর্বে ইস্যুকৃত স্বীকৃত কোন ইন্সপেকশন/সার্ভে সংস্থার প্রত্যায়িত যন্ত্রপাতি ও সরঞ্জামের তালিকার মূলকপি (পরিচ্ছেদ-৩ এর শর্ত নং- ৩.৪/৩.৫ অনুযায়ী)। ভাড়ায় সংগৃহীতব্য সরঞ্জামের ক্ষেত্রে স্বীকৃত কোন সংস্থা হইতে সংগৃহীত অঙ্গীকারপত্র দাখিল করিতে হইবে।

৪.২.৬। আবেদনপত্র দাখিলের তারিখ হইতে সর্বাধিক ১ মাস পুর্বে ইস্যুকৃত ন্যূনতম ১০ (দশ) লক্ষ টাকা ১.৩ শ্রেণীর জন্য এবং ২৫ (পঁচিশ) লক্ষ টাকা ১.৪ শ্রেণীর জন্য ব্যাংক স্বচ্ছলতা সনদপত্র (ব্যাংক সলভেনসি সার্টিফিকেট) এর মূল কপি (অস্পষ্ট বর্ণনার সনদপত্র গ্রহণযোগ্য নহে)।

৪.২.৭। সনাক্তকরণের প্রমাণস্বরূপ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এর নিকট হইতে হালনাগাদ সংগৃহীত স্বত্তাধিকারীর এ্যাফিডেভিট, অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারীত্ব দলিল (মুখ্য অংশীদার উল্লেখসহ) এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এসোসিয়েসন দলিল।

৪.২.৮। ফার্মের স্বত্তাধিকারী/অংশীদারগণ/পরিচালকগণের স্বাক্ষর ও ছবি (পরিশিষ্ট-৫ এ প্রদান করিতে হইবে)।

৪.২.৯। হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।

৪.২.১০। হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি।

৪.২.১১। ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

৪.২.১২। তালিকাভুক্তি তফসিল ক্রয়ের মূল রশিদ।

৪.২.১৩। তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদারদেরকে নিম্নবর্ণিত কাগজ/দলিলপত্রাদি মনোনয়নপত্র প্রাপ্তির পর অবশ্যই দাখিল করিতে হইবে :

(ক) তালিকাভুক্তি জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ নগদ টাকা জমা প্রদানের মূল রশিদ (পরিচ্ছেদ-৩ এর শর্ত নং ৩.৭ অনুযায়ী)।

(খ) তালিকাভুক্তি ফি প্রদানের মূল রশিদ (পরিচ্ছেদ-৪ এর শর্ত নং ৪.৩ অনুযায়ী)।

(গ) তৃতীয় পক্ষ বীমা দায় পলিসির মুল কপি (পরচ্ছেদ-৩ এর শর্ত নং- ৩.৮ অনুযায়ী)।

৪.৩। তালিকাভুক্তি ফিস (অফেরতযোগ্য) জমা প্রদানঃ

তালিকাভুক্তির জন্য মনোনীত ঠিকাদারকে নিম্নবর্ণিত হারে ফি'র নগদ টাকা জমা দিতে হইবে (ফি'র এই হার সময় সময় পরিবর্তনযোগ্য):

| শ্রেণী | তালিকাভুক্তি ফি |
|---|---|
| ১.৩ | টাঃ ১২,০০০.০০ (টাকা বার হাজার) মাত্র। |
| ১.৪ | টাঃ ২৫,০০০.০০ (টাকা পঁচিশ হাজার) মাত্র। |

৪.৪। <u>তালিকাভুক্তি তফসিলে সম্মতি জ্ঞাপন ও স্বাক্ষর প্রদানঃ</u>

তালিকাভুক্তি তফসিলে (পরিচ্ছেদ-২ দ্রষ্টব্য) নিঃশর্ত সম্মতি জ্ঞাপন/মানিয়া নেওয়ার নিদর্শনস্বরূপ আবেদনকারী ঠিকাদারকে অবশ্যই নিম্ন বর্ণনানুযায়ী স্বাক্ষর করিতে হইবেঃ-

৪.৪.১। ঠিকাদারকে আবেদন ফরমসহ সম্পূর্ণ তালিকাভুক্তি তফসিল এবং উহার সহিত চাহিদানুযায়ী দাখিলকৃত সকল কাগজ/দলিলপত্রে সীলসহ স্বাক্ষর করিতে হইবে।

৪.৪.২। তালিকাভুক্ত ঠিকাদারকে কোন প্রকল্পের কার্য নির্বাহের ক্ষেত্রে প্রতিটি প্রকল্পের জন্য পৃথকভাবে (ক) দরপত্র বিজ্ঞপ্তি, দরদাতাদের প্রতি নির্দেশাবলী, দরপত্রের বিশেষ শর্তাবলী, দরপত্রের সহিত সংশ্লিষ্ট অঙ্গীকারনামা ও অন্যান্য কাগজপত্রসহ সম্পূর্ন দরপত্র দলিল, (খ) কার্যাভিপ্রায়পত্র এবং (গ) কার্যাদেশের/চুক্তিপত্রের প্রতি পাতায় সীলসহ স্বাক্ষর করিতে হইবে।

পরিচ্ছেদ-৫

# তালিকাভুক্তি নবায়ন

## তালিকাভুক্তি নবায়ন ঃ

৫.১। দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে অথবা পত্র মারফত অবগতির মাধ্যমে প্রতি দুই বছর অন্তর অন্তর তালিকাভুক্তি নবায়নের জন্য ঠিকাদারগণকে আহবান জানানো হইবে। তালিকাভুক্তি নবায়নের জন্য মনোনীত ঠিকাদারকে নিম্নবর্ণিত হারে নবায়ন ফি (অফেরতযোগ্য) নগদ টাকায় জমা দিতে হইবে (ফি'র এই হার সময় সময় পরিবর্তনযোগ্য):

| শ্রেণী | নবায়ন ফি (প্রতি দুই বছরের জন্য) |
|---|---|
| ১.৩ | টাঃ ১৫,০০০.০০ (টাকা আট হাজার) মাত্র। |
| ১.৪ | টাঃ ২৫,০০০.০০ (টাকা পনের হাজার) মাত্র। |

৫.২। তালিকাভুক্তি নবায়নের জন্য তালিকাভুক্ত ঠিকাদারকে অবশ্যই নির্ধারিত ফরম (পরিশিষ্ট-১) পুরণপূর্বক নিম্নলিখিত কাগজপত্র/দলিলপত্র/সনদপত্র দাখিল করিতে হইবে (এই চাহিদা পেট্রোবাংলা/কোম্পানির বিবেচনায় সময় সময় পরিবর্তনযোগ্য)। কোম্পানির প্রতিনিধি নবায়ন প্রদানের সময় ঠিকাদারের যন্ত্রপাতি ও সরঞ্জাম পরীক্ষা করিবে এবং দাখিলকৃত কাগজপত্রের মূল কপি জমা চাহিবে।

৫.২.১। তালিকাভুক্তি তফসিল।

৫.২.২। সর্বশেষ ইস্যুকৃত তালিকাভুক্তি নবায়ন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

৫.২.৩। ক) জনশক্তি তালিকায় অর্ন্তভূক্ত প্রকৌশলী ও ফোরম্যানের নিয়োগপত্র ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) ওয়েল্ডার-ফিটারদের নিয়োগের বিষয়ে কোম্পানির হালনাগাদ ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ক ও খ) পরিচ্ছেদ-৩ এর শর্ত নং- ৩.২/৩.৩ অনুযায়ী

৫.২.৪। আবেদনপত্র দাখিলের তারিখ হইতে সর্বাধিক এক মাস পূর্বের ইস্যুকৃত স্বীকৃত কোন ইন্সপেকশন/সার্ভে সংস্থার প্রত্যায়িত যন্ত্রপাতি ও সরঞ্জামের তালিকার মূলকপি (পরিচ্ছেদ-৩ এর শর্ত নং-৩.৪/৩.৫ অনুযায়ী)।

৫.২.৫। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৫.২.৬। হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি।

৫.২.৭। ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি (সাম্প্রতিক)।

৫.২.৮। আবেদনপত্র দাখিলের তারিখ হইতে সর্বাধিক এক মাস পূর্বের ইস্যুকৃত ১০ (দশ) লক্ষ টাকা ১.৩ এবং ২৫ (পঁচিশ) লক্ষ টাকা ১.৪ শ্রেণীর ঠিকাদারের জন্য ব্যাংক স্বচ্ছলতা সনদপত্র (ব্যাংক সলভেনসি সার্টিফিকেট) এর মূলকপি দাখিল করিতে হইবে (অস্পষ্ট বর্ণনার সনদপত্র গ্রহণযোগ্য নহে)।

৫.২.৯। আবেদনপত্র দাখিলের পূর্ববর্তী দুই বৎসরে ১.৩/১.৪ শ্রেণীভূক্ত কাজের জন্য কোম্পানীর আহবানকৃত যে সকল দরপত্রে অংশগ্রহণ করিয়াছেন এবং গ্রাহক ব্যয়ে যে সকল প্রকল্প সম্পাদন করিয়াছেন তাহার বিশদ বিবরণ।

৫.২.১০। হালনাগাদ পর্যন্ত সময়কালের মধ্যে তিতাস/বাখরাবাদ/জালালাবাদ/পশ্চিমাঞ্চল/সুন্দরবন/কর্ণফুলী গ্যাস কোম্পানী/গ্যাস ট্রান্সমিশন কোম্পানী কর্তৃক যে কোন কারনে খেলাপকারী হিসাবে তালিকাভুক্তি বাতিল/কালো তালিকাভুক্তি/সাসপেনশন/জরিমানা বহাল নাই এই মর্মে ঠিকাদারের লেটারহেড প্যাডে ঘোষনাপত্র।

৫.২.১১। তালিকাভুক্তি তফসিল ক্রয়ের মূল রশিদ।

৫.২.১২। সনাক্তকরণের প্রমাণস্বরূপ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এর নিকট হইতে হালনাগাদ সংগৃহীত স্বত্তাধিকারীর এ্যফিডেভিট, অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারীত্ব দলিল (মুখ্য অংশীদার উল্লেখসহ) এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম ও আর্টিকেলস্ অব এসোসিয়েসন দলিল এর সত্যায়িত কপি।

৫.২.১৩। ফার্মের স্বত্তাধিকারী/অংশীদারগণ/পরিচালকগণের স্বাক্ষর ও ছবি (পরিশিষ্ট-৫ এ প্রদান করিতে হইবে)।

৫.২.১৪। তালিকাভুক্তি নবায়নের জন্য মনোনীত ঠিকাদারকে নিম্নবর্ণিত কাগজপত্র/দলিলপত্র নবায়নের জন্য মনোনয়নপত্র প্রাপ্তির পর অবশ্যই দাখিল করিতে হইবে:

(ক) নবায়ন ফি প্রদানের মূল রশিদ (পরিচ্ছেদ-৫ এর শর্ত নং ৫.১ অনুযায়ী)।

(খ) তৃতীয় পক্ষ বীমা দায় পলিসির মূলকপি (পরিচ্ছেদ-৩ এর শর্ত নং- ৩.৮.১ অনুযায়ী)।

** পুনঃ তালিকাভুক্তির জন্য আবেদনকারীদের ক্ষেত্রে পরিচ্ছেদ ৩ এর শর্ত নং ৩.১৫ দ্রষ্টব্য।

পরিশিষ্ট-১

# তালিকাভুক্তি/নবায়নের আবেদন ফরম

## পাইপলাইন নির্মাণ ঠিকাদার শ্রেণী ১.৩ ও ১.৪-এর জন্য তালিকাভুক্তি/নবায়ন-এর আবেদনপত্র

(আবেদনের বিষয় একাধিক হইলে আবেদনপত্র ও চাহিদার কাগজপত্র পৃথকভাবে দাখিল করিতে হইবে)

প্রার্থিত বিষয় ঃ

| | |
|---|---|
| তালিকাভুক্তি | শ্রেণী ঃ ১.৩/১.৪ |
| নবায়ন | শ্রেণী ঃ ১.৩ এবং/অথবা ১.৪ |

১। **সাধারণ পরিচিতি ঃ**

| | | |
|---|---|---|
| ফার্মের নাম ঃ | | |
| ফার্মের ঠিকানা ঃ | | |
| টেলিফোন নম্বর ঃ | অফিস ঃ | বাসা ঃ |
| ফ্যাক্স নম্বর ঃ | | ই-মেইল ঃ |
| ফার্মের ধরন ঃ | ব্যক্তি মালিকানাধীন/অংশীদারী/লিমিটেড কোম্পানি। | |
| ব্যাংকের নাম ও ঠিকানা ঃ | | |

২। **স্বত্ত্বাধিকারী/অংশীদার/পরিচালকগণের পরিচিতি ঃ**

| ক্রমিক নং | স্বত্ত্বাধিকারী/অংশীদার/পরিচালকগণের নাম | পদবী | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | | | | |

৩। **পেট্রোবাংলার বিভিন্ন কোম্পানিতে বিদ্যমান/অতীত তালিকাভুক্তির বিবরণ ঃ**

| ক্রমিক নং | তালিকাভুক্তির শ্রেণী | পেট্রোবাংলার যে কোম্পানির অধীনে তালিকাভূক্ত | তালিকাভুক্তির সাল | সর্বশেষ নবায়নকৃত সাল |
|---|---|---|---|---|
| | | | | |

৪।  **সম্পাদিত কাজের বিবরণ ও অভিজ্ঞতা ঃ**

৪.১। পাইপলাইন স্থাপন ঃ

| ক্রমিক নং | সম্পাদিত প্রকল্পের নাম | পাইপ সাইজ (মিলিমিটার) | স্থাপিত পাইপ লাইনের দৈর্ঘ্য (কিলোমিটার) | স্থাপিত পাইপলাইনের মোট দৈর্ঘ্য (কিলোমিটার) | বাস্তবায়নের সাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |

ফার্ম কর্তৃক সম্পাদিত সর্বমোট পাইপলাইনের দৈর্ঘ্য ঃ

৪.২।  গ্যাস পাইপলাইন নির্মাণ সংক্রান্ত অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

৪.৩।  গ্যাস পাইপলাইন নির্মাণ ব্যতীত অন্য কোন প্রাসঙ্গিক নির্মাণ কাজের অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

৫।  কারিগরী জনশক্তি (প্রকৌশলী, ফোরম্যান, সুপারভাইজার, ওয়েল্ডার ও ফিটার)-এর বিবরণ ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | শিক্ষাগত যোগ্যতা (ওয়েল্ডার ও ফিটারের ক্ষেত্রে গ্রেড ও কোড নম্বর) | অভিজ্ঞতা | নিয়মিত হিসেবে ফার্মে কর্মকাল |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৬।  যন্ত্রপাতি ও সরঞ্জামের বিবরণ (পরিচ্ছেদ ৩ এর শর্ত নং ৩.৪ এবং ৩.৫ অনুযায়ী) ঃ

| ক্রমিক নং | যন্ত্রপাতি ও সরঞ্জামের নাম | সংখ্যা | রেজিঃ নং | চেসিস/ইঞ্জিন নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

আমি/আমরা এই মর্মে ঘোষনা করিতেছি যে, উপরোক্ত বর্ণনা/তথ্যাদি সম্পূর্ণরূপে সঠিক ও সত্য। প্রদানকৃত তথ্য অসত্য প্রমানিত হইলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। আমি/আমরা আরও ঘোষণা করিতেছি যে, তালিকাভুক্তির শর্তাবলীসহ পূর্ণাঙ্গ তালিকাভুক্তি তফসিল সম্পর্কে পুংখানুপুংখভাবে অবগত হইয়া এবং উহাতে সম্পূর্নভাবে সম্মত হইয়া এই আবেদনপত্র পূরণ ও দাখিল করিলাম।

সীল ঃ

আবেদনকারীর স্বাক্ষর ঃ ..............................

তারিখ ঃ

সম্পূর্ণ নাম ঃ ........................................

পদবী ঃ ................................................

<u>সংযুক্তি</u> ঃ

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

---

(সংশ্লিষ্ট কমিটি/কোম্পানির ব্যবহারের জন্য)

আবেদনকারী ঠিকাদারের আবেদনপত্র, প্রদত্ত তথ্য ও দাখিলকৃত কাগজপত্র পরীক্ষা ও যাচাই করা হইয়াছে, যাহার ভিত্তিতেঃ

(ক) আবেদনকারী ফার্মকে .........................শ্রেণীতে তালিকাভূক্তি/নবায়ন-এর সুপারিশ করা হইল।

(খ) নিম্নবর্ণিত কারণে তালিকাভূক্তি/নবায়ন-এর সুপারিশ করা সম্ভব হইল না ঃ

সদস্য(গণ)
সংশ্লিষ্ট কমিটি

সদস্য-সচিব
সংশ্লিষ্ট কমিটি

আহবায়ক
সংশ্লিষ্ট কমিটি

পরিশিষ্ট - ২

# সাধারণ শর্তাবলী

## (GENERAL CONDITIONS)

পরিশিষ্ট - ২

# সাধারণ শর্তাবলী

## -ঃ সূচীপত্র ঃ-


| ধারা নম্বর | ধারা | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | সংজ্ঞা ও ব্যাখ্যা | পৃঃ ৩০-৩২ |
| ২। | সাধারন শর্তাবলীর প্রয়োগ | পৃঃ ৩২ |
| ৩। | কাজের মান ও কার্য/কার্যস্থল পরীক্ষা | পৃঃ ৩২-৩৩ |
| ৪। | চুক্তি দলিল ও তথ্যাবলীর ব্যবহার | পৃঃ ৩৩ |
| ৫। | জামানত | পৃঃ ৩৩-৩৪ |
| ৬। | কাজের পরিধি | পৃঃ ৩৫ |
| ৭। | পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন | পৃঃ ৩৫ |
| ৮। | কাজের অগ্রগতি | পৃঃ ৩৫-৩৭ |
| ৯। | ঠিকাদারের কর্মচারী | পৃঃ ৩৭ |
| ১০। | কোম্পানি কর্তৃক সরবরাহকৃত উপকরণ | পৃঃ ৩৮-৩৯ |
| ১১। | কার্য সমাপ্তি | পৃঃ ৩৯ |
| ১২। | কার্য গ্রহণ ও সনদ প্রদান | পৃঃ ৪০ |
| ১৩। | প্যাটেন্ট ও রয়্যালটি | পৃঃ ৪০ |
| ১৪। | নোটিশ | পৃঃ ৪১ |
| ১৫। | সাধারণ ক্ষতিপূরণ | পৃঃ ৪১ |
| ১৬। | বীমা | পৃঃ ৪১ |
| ১৭। | মূল্য পরিশোধ | পৃঃ ৪২-৪৪ |
| ১৮। | নিশ্চয়তা প্রদান | পৃঃ ৪৪ |
| ১৯। | মূল্য | পৃঃ ৪৪ |
| ২০। | বিলম্ব | পৃঃ ৪৪-৪৫ |
| ২১। | লিকুইডেটেড ক্ষতি ও জরিমানা | পৃঃ ৪৫-৪৬ |
| ২২। | অপ্রত্যাশিত দুর্যোগ | পৃঃ ৪৬ |
| ২৩। | ত্রুটি-বিচ্যুতি প্রতিবিধানের ব্যবস্থা কোম্পানির অধিকার সংরক্ষণ | পৃঃ ৪৭-৪৮ |
| ২৪। | আর্থিক অস্বচ্ছলতার কারণে চুক্তি বাতিল | পৃঃ ৪৮ |
| ২৫। | কোম্পানির স্বার্থে চুক্তি বাতিল করণ | পৃঃ ৪৮ |
| ২৬। | প্রকল্পের/কার্যের সাময়িক স্থগিত করণ | পৃঃ ৪৮ |
| ২৭। | সালিশী | পৃঃ ৪৯ |
| ২৮। | আইনের প্রতিপালন | পৃঃ ৪৯ |
| ২৯। | ট্যাক্স | পৃঃ ৪৯ |
| ৩০। | কার্যস্থল | পৃঃ ৫০ |
| ৩১। | চাপ পরীক্ষণ ও রেডিওগ্রাফীর মূল্য | পৃঃ ৫০-৫১ |

## সাধারণ শর্তাবলী ঃ

### ১। সংজ্ঞা ও ব্যাখ্যা (Definitions & Interpretation) ঃ

এই দলিলে ব্যবহৃত শব্দাবলী, অভিব্যক্তি, নাম ইত্যাদির অর্থ ও ব্যাখ্যা নিম্নরূপ হইবে ঃ-

১.০১। কোম্পানি ঃ

"কোম্পানি" বলিতে পেট্রোবাংলার আওতাধীন তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিঃ, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন সিস্টেম লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, কর্ণফুলী গ্যাস ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিঃ এবং ইহার উত্তরাধিকারী ও স্বত্বপ্রাপক (দের) বুঝাইবে।

১.০২। চুক্তিঃ

"চুক্তি" বলিতে কার্যসম্পাদনের লক্ষ্যে কোম্পানি ও ঠিকাদারের পারস্পরিক ঐক্যমতের ভিত্তিতে চুক্তিফরমে পক্ষগণের স্বাক্ষরিত লিখিত বিবরণীকে বুঝাইবে, যাহার সহিত আনুষঙ্গিক সংযোজন, অতিরিক্ত সংযোজন এবং চুক্তিপত্রের নির্দেশিত দস্তাবেজসমূহ সংযোজিত থাকবে, যাহা চুক্তির অবিচ্ছেদ্য অংশ বলিয়া বিবেচিত হইবে।

১.০৩। ঠিকাদারঃ

"ঠিকাদার" বলিতে কোন ব্যক্তি, পার্টনারশীপ (অংশীদারী), সমিতি, কনসোর্টিয়াম, কর্পোরেশন, কোম্পানি বা লিমিটেড কোম্পানি যে বা যাহারা গ্যাস পাইপলাইন নির্মাণ কাজ সম্পাদনের জন্য তালিকাভূক্তির শর্তাবলী পূরণ পূর্বক ১.৩ ও ১.৪ শ্রেণীতে তালিকাভুক্ত হইয়াছে এবং কোম্পানির কোন পাইপলাইন নির্মাণ প্রকল্পে যাহার/যাহাদের দরপত্র গৃহীত হইয়াছে এবং তাহার/তাহাদের প্রাধিকারপ্রাপ্ত এজেন্টগণ, উত্তরাধিকারীগণ, স্বত্বপ্রাপকগণ, পার্টনারশীপ বা সমিতির ক্ষেত্রে সকল পার্টনার বা সভ্যগণ এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিচালকগণকে বুঝাইবে।

১.০৪। প্রকৌশলী ঃ

"প্রকৌশলী" বলিতে প্রকল্প প্রকৌশলী/সাইট প্রকৌশলী অথবা বিভিন্ন সময়ে চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানি কর্তৃক প্রকৌশলী হিসাবে কার্যসম্পাদনের জন্য নিয়োজিত/মনোনীত প্রকৌশলী কে বুঝাইবে।

১.০৫। ঠিকাদারের প্রতিনিধি ঃ

"ঠিকাদারের প্রতিনিধি" বলিতে ঠিকাদার কর্তৃক নিয়োজিত প্রকৌশলী, ফোরম্যান, প্রাধিকারপ্রাপ্ত অন্য কোন ব্যক্তিকে বুঝাইবে, যাহার/যাহাদের সম্পর্কে ঠিকাদার লিখিতভাবে কোম্পানিকে পূর্বেই অবহিত করিয়াছে।

১০.৬। প্রকৌশলীর প্রতিনিধিঃ

"প্রকৌশলী প্রতিনিধি" বলিতে উপ-সহকারী প্রকৌশলী, এটিও, ওয়েল্ডিং পরিদর্শক, সিপি পরিদর্শক, এনডিটি পরিদর্শক, ফোরম্যান, সুপারভাইজার, প্রকর্মী অথবা চুক্তির অধীনে কার্য সম্পাদনের জন্য বিভিন্ন সময়ে প্রকৌশলী কর্তৃক নিয়োজিত ব্যক্তি (গণ) কে বুঝাইবে।

১.০৭। চুক্তি মূল্য ঃ

"চুক্তি মূল্য" হইতেছে/বলিতে দরপত্রের দফা ও মূল্যের তফসিল অনুযায়ী ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দরের ভিত্তিতে হিসাবকৃত অর্থের পরিমান যাহা সম্পূর্ণ ও সমুদয় কার্য সমাপ্তি সাপেক্ষে ঠিকাদারকে প্রদান করা হইবে। এই চুক্তিমূল্য প্রকৃত সম্পাদিত কাজের নিরিখে সংযোজন বা বিয়োজন যোগ্য হইবে।

১.০৮। নক্সাঃ

"নক্সা" বলিতে কার্য সম্পাদনের লক্ষ্যে চুক্তি বাস্তবায়নকালীন বিভিন্ন সময়ে কোম্পানি কর্তৃক সরবরাহকৃত বিনির্দেশনা ও সংশোধনীসহ সমূদয় নক্সাকে বুঝাইবে। সফলকাম ঠিকাদার কর্তৃক দাখিলকৃত কার্য সম্পাদনের পদ্ধতি ও বিবরণী সম্বলিত নক্সা ও চিত্র সমূহ নক্সায় অর্ন্তভূক্ত হইবে।

১.০৯। কার্যঃ

"কার্য" বলিতে ঠিকাদার কর্তৃক চুক্তি অনুযায়ী যাবতীয় কার্য/কার্যাবলীকে বুঝাইবে।

১.১০। অস্থায়ী কার্য ঃ

"অস্থায়ী কার্য" বলিতে সকল প্রকার অস্থায়ী কার্য/কার্যাবলীকে বুঝাইবে, যাহা চুক্তিবদ্ধ ফার্ম নির্বাহ, কার্য সমাপ্তি ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজন হইবে।

১.১১। কার্যস্থল ঃ

"কার্যস্থল" বলিতে ভূমি বা অন্যান্য জায়গা যাহার উপর/নীচ/মধ্যদিয়া কার্যনির্বাহ বা কার্য সম্পাদিত হইবে অথবা চুক্তি অনুযায়ী কার্যসম্পাদনের লক্ষ্যে কোম্পানি কর্তৃক প্রদত্ত অন্য যে কোন ভূমি বা জায়গাকে বুঝাইবে।

১.১২। নির্মাণ যন্ত্রাদিঃ

"নির্মাণ যন্ত্রাদি" বলিতে কার্য নির্বাহ, কার্য সমাপ্তি, রক্ষনাবেক্ষণ ও অস্থায়ী কার্যের জন্য ব্যবহারযোগ্য সমূদয় যন্ত্রপাতি ও সরঞ্জামকে বুঝাইবে। যে সমস্ত মালামাল বা জিনিসপত্র স্থায়ী কার্যে বা তাহার অংশ বিশেষে পরিণত হইবে তাহা ইহার অর্ন্তভূক্ত হইবে না।

১.১৩। সাইট নির্দেশ ঃ

"সাইট নির্দেশ" বলিতে কোম্পানির পক্ষ হইতে প্রকৌশলী/প্রকৌশলীর প্রতিনিধি কর্তৃক ঠিকাদার/ঠিকাদারের প্রতিনিধিকে কার্যস্থলে প্রদত্ত যে কোন মৌখিক বা লিখিত নির্দেশ/নির্দেশাবলীকে বুঝাইবে।

ব্যাখ্যা সমূহ ঃ

১.১৪। যে সমস্ত শব্দাবলীতে একবচন উল্লেখিত হইয়াছে বিষয়বস্তুর প্রয়োজনে উহাদিগকে বহুবচন হিসাবেও বিবেচনা করা যাইবে বা বহুবচন থাকিলে একবচন হিসাবে বিবেচনা করা যাইবে এবং ব্যক্তি বা লিংগভেদে সংস্থাভূক্ত বা সংস্থাবহির্ভূত ব্যক্তি/লিঙ্গ অর্ন্তভূক্ত হইবে।

১.১৫। শিরোনাম, ব্যাখ্যাসমূহ, বিষয়বস্তুর তালিকা ইত্যাদি শুধুমাত্র নির্দেশক হিসাবে ব্যবহৃত হইবে, উহাদের ধারা বিনির্দেশনা সমূহের বিষয়বস্তু বা ঐ বিষয়ে চুক্তির সাধারণ ও অন্যান্য শর্তাবলীর পরিবর্তন ঘটিবে না।

১.১৬। দরপত্রের জামানত/বায়নার টাকা/বিড সিকিউরিটি বন্ড বলিতে দরপত্রের বিপরীতে দরপত্রের সহিত কোম্পানির অনুকূলে প্রদত্ত অর্থের পরিমানকে বুঝাইবে।

১.১৭। যখন "ঠিকাদার" বলিতে কোন কোম্পানি ব্যতীত পার্টনারশীপ বা ব্যক্তিবর্গের এসোসিয়েশন বুঝাইবে তখন সকল পার্টনার অথবা ব্যক্তিবর্গ যুক্তভাবে বা পৃথকভাবে চুক্তির সকল আইনগত বাধ্যবাধকতা অবশ্যই পালন করিবেন এবং চুক্তির বিষয়ে দায়বদ্ধ থাকিবেন।

১.১৮। তফসিল/চুক্তির সকল ধারা ও শর্তাবলীর ব্যাখ্যা সম্পুর্ণভাবে কোম্পানির নিজস্ব বিবেচনায় প্রণীত হইবে। ঠিকাদার বা অন্যান্য আগ্রহী পক্ষগণ আইনগতভাবে কোম্পানির এই ব্যাখ্যা মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

১.১৯। চুক্তির ধারা ও শর্তাবলী তালিকাভূক্তি/চুক্তির বিশেষ ও সাধারণ শর্তাবলী, দরপত্র বিজ্ঞপ্তি, দরদাতাদের প্রতি নির্দেশাবলী, দরপত্রের বিশেষ শর্তাবলী, দরপত্রের জনশক্তি ও যন্ত্রপাতি/সরঞ্জামের চাহিদা ও এতদসংক্রান্ত অঙ্গীকারনামা, কারিগরী বিনির্দেশাবলী, দরপত্রের দফা ও মূল্যের তফসিল, সমুদয় তফসিল, কার্যাভিপ্রায়পত্র ও কার্যাদেশ/চুক্তি দলিলের শর্তাদি, প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা (সর্বশেষ সংস্করণ) এবং কোম্পানি কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশাবলী দ্বারা নিয়ন্ত্রিত হইবে। ঠিকাদারগণ তাহাদের নিজস্ব প্রয়োজনে "প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা (সর্বশেষ সংস্করণ)" এর কপি তাহাদের সংগ্রহে রাখিবেন।

২। সাধারণ শর্তাবলী প্রয়োগ (Application) ঃ

কোম্পানি কর্তৃক সম্পাদিত যে কোন চুক্তির অধীনে পাইপলাইন নির্মাণ প্রকল্প/প্রকল্পসমূহের যাবতীয় কার্য নির্বাহে এই সাধারণ শর্তাবলী প্রযোজ্য হইবে।

৩। কাজের মান (Standards) ও কার্য/কার্যস্থল পরীক্ষণ (Examination of Work/Site) ঃ

৩.১। কাজের মান ঃ

চুক্তি অনুযায়ী করণীয় কাজের মান "প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা (সর্বশেষ সংস্করণ)" এবং কোম্পানির কারিগরী বিনির্দেশ অনুযায়ী নিয়ন্ত্রিত হইবে।

৩.২। কার্যস্থল/কার্য পরীক্ষণ ঃ

ঠিকাদার প্রকল্পের/কার্যের বিস্তারিত নক্সা, বিনির্দেশাবলী, নক্সানুযায়ী পাইপলাইন রুট এবং সেই রুট বরাবর কার্যস্থলের সাধারন ভূ-সংস্থান (general topography), মাটির উপর ও তলের অবস্থা, রাস্তা ঘাট, রেলপথ, খাল, নদী ও জলাশয়ের অবস্থা ইত্যাদি সম্পর্কে যথাযথভাবে তাহার সন্তুষ্টি মোতাবেক পরীক্ষণপূর্বক এবং কার্য নির্বাহের সময় সম্ভাব্য অসুবিধা/ঝুঁকি/অপ্রত্যাশিত পরিস্থিতি বা অন্যান্য যে সকল সমস্যা সৃষ্টি হইতে পারে তৎসম্পর্কে সম্যক ওয়াকিবহাল থাকিয়া দরপত্র দাখিল তথা দরপ্রস্তাব করিবেন। তবে উল্লেখিত পরীক্ষণ, পরিদর্শন বা সম্ভাব্য সমস্যাদির বিষয়ে ওয়াকিবহাল হওয়ার ব্যাপারে সফলকাম ঠিকাদারের অপরাগতা/ব্যর্থতা চুক্তিভূক্ত কার্যনির্বাহের ব্যাপারে তাহার দায়-দায়িত্ব কোনক্রমেই রহিত হইবে না।

৪। চুক্তি দলিল এবং তথ্যাবলীর ব্যবহার (Use of Contract documents & Information) ঃ

৪.১। কোম্পানির লিখিত পূর্ব অনুমতি ব্যতীত ঠিকাদার চুক্তি/কার্যাদেশ বা চুক্তির সহিত সংশ্লিষ্ট কোন তথ্যাদি, বিনির্দেশাবলী ইত্যাদি কেবলমাত্র তাহার স্ব-নিয়োজিত কোন আস্থাশীল ব্যক্তি ছাড়া অন্য কাহারও নিকট প্রকাশ করিতে পারিবে না।

৪.২। চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন ছাড়া অন্য কোন উদ্দেশ্যে কোম্পানির লিখিত পূর্বানুমতি ব্যতীত ৪.১ ধারায় বর্ণিত তথ্যাবলী ও বিনির্দেশ ঠিকাদার ব্যবহার করিতে পারিবে না।

৪.৩। ধারা নং ৪.১ এ উল্লেখিত চুক্তিপত্র/কার্যাদেশ ছাড়া অন্যান্য সকল দলিলপত্রাদি কোম্পানির সম্পত্তি বলিয়া গণ্য হইবে এবং কার্য সমাপ্তির পর সকল কপিসহ ঠিকাদারকে উহা কোম্পানির দপ্তরে ফেরত দিতে হইবে।

৫। জামানত (Security Bond)ঃ

৫.১। দরপত্র জামানত/আর্নেষ্টমানি/বায়নার টাকা (Bid Security Bond/Earnest Money) ঃ

কোন নির্দিষ্ট প্রকল্প/কার্য সম্পাদনের অভিপ্রায়ে ঠিকাদারকে দরপত্র দাখিলের সময় দরপত্রের অংশ হিসাবে উহার সহিত কোম্পানির অনুকূলে বাংলাদেশের তফসিলভূক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হইতে কেবলমাত্র ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্র দলিলের সংশ্লিষ্ট ধারায় উল্লেখিত পরিমাণের অর্থ দরপত্র জামানত/আর্নেষ্টমানি হিসাবে দাখিল করিতে হইবে। সফলকাম ঠিকাদারের আর্নেষ্টমানি কার্যাদেশ ইস্যুর পর এবং অকৃতকার্য ঠিকাদারের আর্নেষ্টমানি সফলকাম ঠিকাদার কর্তৃক নিরাপত্তা জামানত (Performance Security Bond) দাখিল করিবার পর ফেরত প্রদান করা হইবে। তবে কোন অবস্থায় আর্নেষ্টমানির জন্য কোম্পানি ঠিকাদারকে সুদ প্রদান করিবে না।

৫.১.১। নিম্নলিখিত কারণে কোম্পানি ঠিকাদারের আর্নেষ্টমানি বাজেয়াপ্ত করিতে পারিবে এবং উক্ত ঠিকাদারের দাখিলকৃত দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ঃ

৫.১.১.ক। দরপত্র কার্যকর থাকাকালীন সময়ে যে কোন কারণে কোন ঠিকাদার.....
- ৫.১.১.ক.১। দরপত্রে উদ্ধৃত দর পরিবর্তন করিতে চাহিলে; অথবা
- ৫.১.১.ক.২। কার্য নির্বাহে অনিচ্ছা প্রকাশ করিলে; অথবা
- ৫.১.১.ক.৩। দরপত্র প্রত্যাহার করিলে।

৫.১.১.খ। যে কোন কারণে সফলকাম ঠিকাদার .......
- ৫.১.১.খ.১। কার্যাভিপ্রায়পত্র গ্রহণ করিতে ব্যর্থ হইলে; অথবা
- ৫.১.১.খ.২। কার্য নির্বাহে অনিচ্ছা প্রকাশ করিলে; অথবা

৫.১.১.খ.৩। কার্যাভিপ্রায়পত্র কার্যকর থাকাকালীন সময়ে নিরাপত্তা জামানত (Performance Security) অথবা শ্রমিক ক্ষতিপূরণ বীমা পলিসি দাখিল করিতে ব্যর্থ হইলে; অথবা

৫.১.১.খ.৪। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হইলে।

৫.১.১.গ। দরপত্র দলিলের সংশ্লিষ্ট ধারায় বর্ণিত অন্য যে কোন কারণে (যদি থাকে)।

৫.২। **নিরাপত্তা জামানত (Performance Security Bond) ঃ**

৫.২.১। চুক্তি অনুযায়ী সম্পূর্ণ সন্তোষজনক কার্য সম্পাদনের গ্যারান্টি স্বরূপ ঠিকাদারকে কার্যাভিপ্রায়পত্রে উল্লেখিত সময়কালের মধ্যে নিরাপত্তা জামানত (Performance Security) কোম্পানির বরাবরে দাখিল করিতে হইবে, যাহার পরিমাণ কোনক্রমেই কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর কম হইবে না। কোম্পানির বিবেচনানুযায়ী এই জামানতের পরিমাণ বৃদ্ধি করা যাইবে, যাহা দরপত্র দলিলের বিশেষ শর্তাবলীতে উল্লেখ থাকিবে।

৫.২.২। কার্যভিপ্রায়পত্র প্রাপ্ত ঠিকাদারকে বাংলাদেশের তফসিলভূক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হইতে তালিকাভুক্তি তফসিল/দরপত্র দলিলের সহিত সংযুক্ত ফরম অনুযায়ী কোম্পানির অনুকূলে ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডার আকারে অথবা নগদ টাকায় উক্ত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে। তবে কোন অবস্থায় এই জামানতের উপর কোম্পানি ঠিকাদারকে কোন সুদ প্রদান করিবে না।

৫.২.৩। নিম্নলিখিত কারণে এবং দরপত্রের দলিলের সংশ্লিষ্ট ধারায় উল্লেখিত অন্য কোন কারণে এই নিরাপত্তা জামানত (Performance Security) বাজেয়াপ্ত করিয়া কোম্পানির অনুকূলে গ্রহণ করা হইবে।

কোন নির্দিষ্ট প্রকল্প/কাজের ক্ষেত্রে ঃ-

৫.২.৩.১। কার্যাভিপ্রায়পত্রপ্রাপ্ত ঠিকাদার কার্যাভিপ্রায়পত্রে সম্মতি প্রদান এবং নিরাপত্তা জামানত (Performance Security) প্রদান পূর্বক কোম্পানি প্রদত্ত সময়ের মধ্যে চুক্তি সম্পাদন অথবা কার্যাদেশ গ্রহণে ব্যর্থ হইলে; অথবা

৫.২.৩.২। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ গ্রহণের পর ঠিকাদার কার্য নির্বাহে অনিচ্ছা প্রকাশ করিলে; অথবা

৫.২.৩.৩। চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ গ্রহণপূর্বক নিজ কারণে চুক্তি মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সন্তোষজনকভাবে আংশিক/সম্পূর্ণ কার্য সম্পাদনে ঠিকাদার ব্যর্থ হইলে; অথবা

৫.২.৩.৪। চুক্তি মোতাবেক কার্য সম্পাদনের পর নির্ধারিত সময়সীমার মধ্যে উদ্বৃত্ত মালামাল ফেরত প্রদানে ঠিকাদার ব্যর্থ হইলে।

৫.২.৪। ঠিকাদার কর্তৃক সাফল্যজনকভাবে প্রকল্পের সমুদয় কার্য সম্পাদনের পর মালামাল ফেরত প্রদান ও চূড়ান্ত বিল দাখিলের পর প্রকল্পে প্রাথমিক গ্রহণ সম্পর্কীয় সনদ (PAC) ইস্যুর ৩০ দিনের মধ্যে কোম্পানি উক্ত নিরাপত্তা জামানত ফেরত প্রদান করিবে। তবে কোম্পানীর কোন সিদ্ধান্ত বিলম্বতার কারণে চূড়ান্তবিল দাখিল করিতে বিলম্ব হইলে উদ্বৃত্ত মালামাল ফেরত প্রদানের পরে উক্ত নিরাপত্তা জামানত ঠিকাদারকে ফেরত দেওয়া যাইতে পারে।

৬। **কাজের পরিধি (Scope of Wrok)ঃ**

৬.১। বিনির্দেশ অনুযায়ী করণীয় কার্যাদি বলিতে প্রয়োজনীয় যাবতীয় কার্যাবলী, যাহাতে পাইপলাইন নির্মাণের সমাপ্তি, পরীক্ষা ও ব্যবহারোপযোগী করণের নিমিত্তে সংশ্লিষ্ট সকল কাজই অর্ন্তভূক্ত থাকিবে।

৬.২। নক্সায় সাধারণতঃ পাইপ লাইনের রুট নির্দেশিত থাকে। তবে প্রকৃত রুট কার্যারম্ভের পূর্বে কোম্পানি কর্তৃক পুনঃ নির্দেশিত/প্রদর্শিত হইবে।

৬.৩। কার্যের অর্ন্তভূক্ত বিষয়সমূহ হইতেছে পাইপ, কেসিং, ভাল্‌ভ, ফিটিংস ইত্যাদিসহ পাইপলাইন নির্মাণ সংশ্লিষ্ট সকল মালামাল কোম্পানি কর্তৃক নির্দেশিত ভান্ডার/আঙ্গিনা/ডিপো হইতে উঠানো, কার্যস্থলে পরিবহন, নামানো এবং পাইপ বিছানো, লাইনে সজ্জিত করণ, ওয়েল্ডিং, জোড়া দেওয়া, কোটিং, র‍্যাপিংসহ রক্ষণমূলক আবরক লাগানো (Protecive coating), পরিখা খনন, পাইপলাইন স্থাপন, ভাল্‌ভ ও অন্যান্য ফিটিংস/ইকুইপমেন্ট সংযোজন, পার্জিং, পিগিং, টেষ্টিং, পাইপলাইন শুষ্ককরণ, পরিখা ভরাটকরণ ও পূর্বাবস্থায় ফিরাইয়া আনা (reinstatement), কার্যস্থল পরিষ্কারকরণ ইত্যাদিসহ গ্যাস চালুর উপযোগী পাইপলাইন নির্মাণের জন্য সংশ্লিষ্ট আনুষঙ্গিক কার্যাদি এবং উক্ত কার্য সম্পাদনকালীন সময়ে ভূ-পৃষ্ঠস্থ বা ভূ-গর্ভস্থ ক্ষতিগ্রস্থ কাঠামো বা সম্পত্তি বা অন্য কোন প্রকার ক্ষতি/বিনষ্ট অংশের মেরামত/পুনঃনির্মাণ ইত্যাদি।

৭। **পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন এবং বিয়োজন (Change, Alteration, Addition & Omission)ঃ**

৭.১। কার্য সমাপ্তির পূর্বে যে কোন সময় কাজের/সাইট অবস্থার/অন্য যে কোন প্রয়োজনে কোম্পানি মূল নক্সায়, কার্য বিনির্দেশাবলীতে, দফা ও মূল্যের তফসিলে, কার্যসূচীতে গুনগত ও পরিমাণগত পরিবর্তনসহ যে কোন ধরনের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করিতে পারিবে।

৭.২। এই সব পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন এবং বিয়োজন অনুসারে সংশোধিত পরিকল্পনা, নক্সা, কার্য বিনির্দেশাবলী ও কার্যসূচী মোতাবেক ঠিকাদার কার্য সম্পাদন করিবেন।

৭.৩। যাবতীয় অতিরিক্ত কাজ অথবা বাদ দেওয়া কাজ ও পরিবর্তিত কার্যসমূহের মূল্য দরপত্রের তফসিলে বর্ণিত মূল্যহার অনুযায়ী নির্ধারণ করা হইবে। এইক্ষেত্রে সম্পাদিত অতিরিক্ত/বাদ দেওয়া/পরিবর্তিত কার্যমূল্য চুক্তিমূল্যের সহিত যোগ বা উহা হইতে ব্যয়কলন (deduction) করা হইবে। যে সকল অতিরিক্ত/বাদ দেওয়া/পরবর্তিত কাজের একক মূল্য দরপত্রে/সমদর তফসিলে উল্লেখ নাই, প্রকৌশলীর নির্দেশ মোতাবেক ঠিকাদার সংশ্লিষ্ট কাজ সম্পাদনের পরে কাজের বিস্তারিত বিবরণ ও মূল্য কোম্পানি বরাবরে দাখিল করিবেন এবং কোম্পানি উহা পরীক্ষা-নিরীক্ষা ও যাচাই করিয়া উক্ত কাজের মূল্য চূড়ান্তভাবে সাব্যস্ত করিবে অথবা কোম্পানি স্বীয় উদ্যোগে উক্ত কাজের কার্যমূল্য সাব্যস্ত করিবে। কোম্পানি কর্তৃক চূড়ান্তভাবে সাব্যস্তকৃত এই কার্যমূল্য ঠিকাদার (গণ) অবশ্যই মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

৮। **কাজের অগ্রগতি (Progress of Work) ঃ**

৮.১। **কার্যারম্ভ (Commencement of Work) ঃ**

চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ প্রদানের তারিখ/তফসিলে বর্ণিত নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট তারিখ হইতে ঠিকাদার কাজ শুরু করিবেন। তবে যৌক্তিক কারনে কোম্পানির সহিত ঠিকাদারের পারস্পরিক সম্মতিতে কার্যারম্ভের তারিখ পরিবর্তন করা যাইবে।

## ৮.২। কার্য পরিচালনা (Conduct of Work)ঃ

৮.২.১। কার্য সম্পাদনকালে ঠিকাদার (ক) ভূমির স্বত্তাধিকারী, ভাড়াটে, ভূ-পৃষ্ঠস্থ বা ভূ-গর্ভস্থ সম্পত্তি বা কাঠামোর মালিক/দখলকারের স্বার্থ সংরক্ষণের এবং (খ) সড়ক, রেলপথ, নদী, কালভার্ট, পয়ঃনালী, ড্রেন, জলাশয়, পাইপ, তার, ক্যাবল ইত্যাদি অতিক্রম করিতে গিয়া সৃষ্ট ক্ষয়ক্ষতি ও কাজের জন্য সম্ভাব্য অন্যান্য ক্ষয়ক্ষতি হইতে সকল সম্পত্তি/কাঠামো রক্ষার জন্য ঠিকাদার যথাযথ সতর্ক দৃষ্টি রাখিবেন। কার্যক্ষেত্রে সৃষ্ট এইরূপ ক্ষয়ক্ষতি/বিঘ্নতার জন্য দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে/এককভাবে ঠিকাদারের উপর বর্তাইবে এবং ঠিকাদার নিজ খরচে সংশ্লিষ্ট মালিক/দখলকার ও ভারপ্রাপ্ত প্রকৌশলীর সন্তুষ্টি মোতাবেক ক্ষতিগস্তড় সম্পত্তি/কাঠামো মেরামত/পুনঃ নির্মাণ করিবেন।

৮.২.২। জনসাধারন যাহাতে সকল প্রকার শারিরীক ক্ষতি, আঘাত, মৃত্যু বা দুর্ঘটনা হইতে নিরাপদ থাকেন এবং তাহাদের সম্পত্তি, যানবাহন ও গবাদি পশু ইত্যাদির ক্ষতি না হয়, সেইজন্য ঠিকাদার পর্যাপ্ত সতর্কতামূলক ব্যবস্থাদি গ্রহণ করিবেন। এতদসংক্রান্ড় যে কোন দায় ঠিকাদার বহন করিবেন।

৮.২.৩। কোম্পানি ঠিকাদারকে পাইপলাইন রুট এবং সকল প্রকার সড়ক, মহাসড়ক, রেল ও জনপথ অতিক্রমন/খননের জন্য সংশ্লিষ্ট অনুমতিপত্র সরবরাহ করিবে। তবে ব্যক্তিগত বা সর্বসাধারণের রাস্তা বা জমির উপর/পার্শ্ব দিয়া কাজের জন্য প্রয়োজনীয় সকল নির্মাণ উপকরণ, যন্ত্রপাতি, সরঞ্জাম ও আনুসংগিক মালামাল ইত্যাদি পরিবহনের জন্য অনুমতি ও সাধারণ সুবিধাদির ব্যবস্থা ঠিকাদার নিজ দায়িত্বে ও খরচে করিবেন।

৮.২.৪। সড়ক কর্তৃপক্ষ বা অন্য কোন যথাযথ কর্তৃপক্ষের আরোপিত বিধিনিষেধ ঠিকাদার মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। গ্যাস পাইপলাইন নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারগণ বাংলাদেশে অনুমোদিত গ্যাস সংক্রান্ত বিধিমালা এবং গ্যাস ট্রান্সমিশন ও ডিষ্ট্রিবিউশন পাইপ লাইন সংক্রান্ত ব্রিটিশ ও ইউএস কোড কঠোরভাবে অনুসরণ করিবেন। ইহাছাড়াও ঠিকাদার এই ধরনের কাজে কোম্পানি প্রদত্ত বিনির্দেশাবলী সঠিকভাবে অনুসরন করিবেন। ঠিকাদারগণকে সংশ্লিষ্ট সকল নিয়ম কানুন ও কোড সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল বলিয়া বিবেচনা করা হইবে এবং তদানুযায়ী তাহাদের দায়-দায়িত্ব নির্ধারিত হইবে।

৮.২.৫। ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজে কেবল প্রথম শ্রেণীর মান কোম্পানির কাছে গ্রহণীয় হইবে। নিম্নমানের কাজের জন্য ঠিকাদারের তালিকাভুক্তি বাতিল করা যাইবে। এই বিষয়ে কোম্পানির নিয়োজিত প্রকৌশলীর প্রত্যয়নই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

## ৮.৩। কার্যভার (Assignments)ঃ

৮.৩.১। কোম্পানির লিখিত পূর্বানুমতি ব্যতীত ঠিকাদার অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে চুক্তিবদ্ধ কাজ, উহার অংশবিশেষ বা সংশ্লিষ্ট কাজে দেয় কোন টাকা হস্তান্তর করিতে পারিবে না। এই রকম কোন হস্তান্তর আইনতঃ বাতিল বলিয়া গণ্য হইবে।

৮.৩.২। চুক্তিবদ্ধ কার্য এবং এতদসংক্রান্ত অধিকারসমূহ অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে হস্তান্তর করিবার অধিকার কোম্পানির থাকিবে। তবে এই ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারের সম্মতি গ্রহণ না করিলে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের জন্য কোম্পানি মূল্য পরিশোধের দায় বহন করিবে।

## ৮.৪। উপ-ঠিকা (Sub-Contracts)ঃ

কোম্পানির লিখিত অনুমতি ব্যতিরেকে ঠিকাদার কাজের কোন অংশ উপ-ঠিকা (Sub-Contracts) দিতে পারিবেন না। কোম্পানির অনুমতিক্রমে উপ-ঠিকা প্রদান করিলেও শর্তাবলীর ভিত্তিতে যথাযথভাবে সমূদয় কার্য সম্পাদনের দায় ঠিকাদারের উপরই থাকিবে। উপ-ঠিকাদার (গণ) এর উপযুক্ত যোগ্যতা থাকিতে হইবে এবং তাহাদের নিয়োগের পূর্বে যোগ্যতার ব্যাপারে প্রকৌশলীর অনুমোদন গ্রহণ করিতে হইবে।

## ৮.৫। কোম্পানির যন্ত্রপাতি ও সরঞ্জাম (Company's Machinery & Equipment)ঃ

ঠিকাদারকে তাহার স্বীয় প্রচেষ্টায় কার্য সম্পাদনে প্রয়োজনীয় যাবতীয় যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহ করিতে হইবে। প্রাপ্তি সাপেক্ষে সীমিত সংখ্যক যন্ত্রপাতি ও সরঞ্জাম ঠিকাদার কোম্পানির ভাড়া নীতিমালা অনুযায়ী কোম্পানি হইতে ভাড়ায় নিতে পারিবে। তবে কোম্পানি হইতে ভাড়ায় কোন যন্ত্রপাতি ও সরঞ্জাম পাওয়া না গেলে তাহা কার্য সম্পাদনে/সমাপ্তিতে ঠিকাদারের অপারগতার কারণ হিসাবে গ্রহণযোগ্য বিবেচিত হইবে না। বরং এইক্ষেত্রে ঠিকাদার বিকল্প ব্যবস্থা গ্রহণ করিয়া কার্য সম্পাদন করিবে।

## ৮.৬। ঠিকাদার কর্তৃক কাজ তদারকী (Work Supervision by Contractor)ঃ

সুষ্ঠুভাবে কার্য তদারকীর জন্য ঠিকাদার কার্যস্থলে সার্বক্ষণিকভাবে যোগ্যতা সম্পন্ন প্রকৌশলী, ফোরম্যান এবং সুপারভাইজার নিয়োজিত করিবেন। এই ধরনের ব্যক্তির ঠিকাদারের পক্ষে কাজ করিবার বা যে কোন সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা থাকিতে হইবে।

## ৮.৭। কোম্পানির তদারকী ও পরিদর্শন (Supervision & Inspection by the Company)ঃ

৮.৭.১। প্রকৌশলী অথবা তাঁহার প্রতিনিধি (গণ) ঠিকাদার কর্তৃক সম্পাদিত কার্যসমূহ তদারক, পরিদর্শন ও অনুমোদন করিবেন। প্রকৌশলী বা তাহার প্রতিনিধি কর্তৃক কার্যস্থলে বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশাবলী ঠিকাদার অবশ্যই পালন করিবেন।

৮.৭.২। প্রকৌশলী তাহার বিবেচনানুযায়ী প্রকল্পের/কাজের কার্যসূচী ও কর্মধারা পরিবর্তন ও পরিবর্ধন করিতে পারিবেন। ইহা ছাড়া তিনি সপ্তাহান্তের ছুটির দিনে, রাত্রে ও অন্যান্য ছুটির দিনে কাজ করিবার বিষয়ে এবং প্রয়োজনে ঠিকাদারের কোন কর্মচারীকে প্রত্যাহার করিবার সিদ্ধান্ত প্রদান করিবেন। তদুপরি প্রয়োজন অনুযায়ী তিনি কাজের পরিমাণ বাড়াইতে বা কমাইতে পারিবেন।

৮.৭.৩। প্রকৌশলী বা তাহার প্রতিনিধি ঠিকাদারকে দৈনিক পরিমাপ শীট ইস্যু করিবেন, যাহা চুক্তি অনুযায়ী ঠিকাদারকে পরিশোধযোগ্য যে কোন বিলের অংশ হিসাবে বিবেচিত হইবে। এই পরিমাপ শীট ইস্যু করা হইলেও পরবর্তীতে উক্ত পরিমাপের অর্ন্তভূক্ত কাজের যে কোন ত্রুটি ঠিকাদার চুক্তিবদ্ধ সময়কালে স্বব্যয়ে সংশোধন করিবেন।

# ৯। ঠিকাদারের কর্মচারী (Contractor's Employees) ঃ

৯.১। চুক্তির সহিত বাস্তব সামঞ্জস্য রাখিয়া যোগ্য, সাবধানী এবং দক্ষ শ্রমিক, কারিগরসহ প্রয়োজনীয় অন্যান্য কর্মচারীগণের সাহায্যে ঠিকাদার কার্য সম্পাদন করিবেন। ঠিকাদারের বা ঠিকাদার কর্তৃক নিয়োজিত উপ-ঠিকাদারের কোন কর্মচারী যদি কোম্পানির বিবেচনার অদক্ষ, অসতর্ক, অযোগ্য (তাহাকে প্রদত্ত কাজের ব্যাপারে) বলিয়া পরিগণিত হয় বা যদি অসদাচরন ও অবাধ্যতা প্রদর্শন করেন বা যে কোন ভাবে কোম্পানির স্বার্থ বা জনসংযোগ বিপন্ন করেন, তবে সেই কর্মচারীকে কাজ হইতে অপসারন করিবার অধিকার কোম্পানির থাকিবে।

৯.২। ঠিকাদার কাজে নিয়োজিত তাহার প্রতিনিধি ও কর্মচারীদের নিয়োগ, কাজের শর্তাবলী, মজুরী প্রদান এবং তাহাদের ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে সরকারী বিধিমালা মানিয়া চলিবেন।

৯.৩। কোম্পানিতে কর্মরত আছেন এমন কোন ব্যক্তিকে ঠিকাদার কাজে নিয়োগ করিতে পারিবেন না।

৯.৪। কাজের জন্য ঠিকাদার অবশ্যই প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষ জনশক্তি নিয়োগ করিবেন। শুধুমাত্র ওয়েল্ডার ও ফিটারগণের বেলায় কোম্পানি কার্যস্থলে পরীক্ষা গ্রহণ পূর্বক প্রত্যয়ন করিলে তাহারা পাইপলাইন নির্মাণ কাজ করিতে পারিবেন।

৯.৫। সংশ্লিষ্ট কোম্পানির সনদপত্রের অধিকারী না হইলে কার্যস্থলে কোনক্রমেই কোন ওয়েল্ডারকে নির্মিতব্য গ্যাস পাইপলাইনের উপর অথবা অন্য কোন কিছুর উপরস্থ ওয়েল্ডিং করিবার অনুমতি প্রদান করা হইবে না।

৯.৬। প্রকৌশলীর লিখিত পূর্বানুমতি প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের কাজ চলাকালীন কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কোম্পানিতে তালিকাভুক্ত অপর কোন ঠিকাদারের ওয়েল্ডার ও ফিটারসহ অন্যান্য কর্মী ধার নিতে পারিবেন। উক্ত পূর্বানুমতি গ্রহণের নিমিত্তে কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারকে কাজ শুরু করিবার কমপক্ষে ২৪ ঘন্টা পূর্বে ধারের সময়সীমা উলে⃞খপূর্বক ধার প্রদানকারী ঠিকাদারের সম্মতিপত্রসহ লিখিত অনুরোধ জানাইতে হইবে।

১০। <u>কোম্পানি কর্তৃক সরবরাহকৃত উপকরণ (Meterials supplied by the Company)</u> ঃ

১০.১। পুরকৌশল উপকরণাদি ও ইলেকট্রোড ব্যতীত কার্য সম্পাদনের নিমিত্তে সমস্ত পাইপ, ফিটিংস, কেসিং, ভাল্ভ, ফ্লেঞ্জ, আবরক দ্রব্যাদি (Coating materials), রেগুলেটর, মিটার, ভাল্ভ পিট-কভার এবং অন্যান্য প্রয়োজনীয় উপকরণাদি কোম্পানির প্রধান ভান্ডার বা কোম্পানি কর্তৃক নির্দেশিত অন্য কোন ভান্ডার/অঙ্গিনা/ডিপো হইতে সরবরাহ করা হইবে। সরবরাহকৃত উপকরণাদি উঠানো, নামানো ও কার্যস্থল পর্যন্ত পরিবহন ঠিকাদার নিজ উদ্যোগে ও খরচে সম্পন্ন করিবেন।

১০.২। ঠিকাদারের অনুরোধের ৭ দিনের মধ্যে কার্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় উপকরণাদি তাহাকে হস্তান্তর করা হইবে। এই সমস্ত উপকরণাদি ডেলিভারীর সময় কোম্পানি এবং ঠিকাদার কর্তৃক যৌথ পরীক্ষা ও মতৈক্যের ভিত্তিতে উপরকরণের হিসাব লিখিতভাবে রেকর্ড করা হইবে।

১০.৩। উপকরণাদি ডেলিভারী গ্রহণের পর ঠিকাদার সার্বিকভাবে উহার দায়-দায়িত্ব বহন করিবেন। কোম্পানিকে নির্ধারিত হারে মূল্য পরিশোধ ব্যতীত উপকরণাদির যথাযথ পরীক্ষা, সংরক্ষণ বা পরিদর্শনের অভাবে হারানো, ক্ষতিগ্রস্ত হওয়া, চুরি বা খোয়া যাওয়া উপকরণাদি প্রতিস্থাপনের দায়-দায়িত্ব হইতে ঠিকাদার অব্যাহতি পাইবে না।

১০.৪। ঠিকাদার তাহাকে সরবরাহকৃত উপকরণাদির উত্তমাবস্থা সম্পর্কে নিজে নিশ্চিত হইবেন এবং কোম্পানি পরবর্তীতে কোন প্রকার ক্ষতিগ্রস্ত, ত্রুটিযুক্ত উপকরণের জন্য দায়ী থাকিবে না অথবা এইরকম কোন উপকরণের প্রতিস্থাপন, মেরামত ও ত্রুটিমুক্ত করিবার জন্য খরচ বহন করিবে না।

১০.৫। সরবরাহকৃত উপকরণাদির বিষয়ে ঠিকাদার তাহার নিজ স্বার্থে যত্নবান হইবেন। উপকরণাদির অপচয় বা অপব্যবহার হইলে কোন প্রকার ভর্তুকী দেওয়া হইবে না। চাপ পরীক্ষণ সমাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে যথাযথ হিসাবরক্ষার নিমিত্তে সর্বপ্রকার উদ্বৃত্ত উপকরণাদি এবং কথিত অংশসমূহ ঠিকাদার নিজ উদ্যোগ ও খরচে কোম্পানির ভান্ডারে বা নির্দেশিত অন্য কোন স্থানে ফেরত প্রদান করিবেন। যদি উল্লেখিত সময়সীমার মধ্যে উদ্বৃত্ত উপকরণাদি ফেরত দেওয়া না হয় তাহা হইলে প্রকল্পটি অনুমোদিত সময়ের মধ্যে সমাপ্ত হয় নাই বলিয়া বিবেচিত হইবে এবং সেইক্ষেত্রে উপকরণাদি ফেরত না দেওয়া পর্যন্ত ঠিকাদারের নিকট হইতে প্রতিদিনের জন্য Liquidated damage বাবদ কার্যাদেশ মূল্যের ০.৫০% (অর্ধ শতাংশ) হারে আদায় করা

হইবে। অধিকন্তু ইহার জন্য খেলাপী মেয়াদকালে কোম্পানির অপর কোন প্রকল্পে/কার্যে অংশ গ্রহণের জন্য ঠিকাদারকে অনুমতি দেওয়া হইবে না। প্রকল্পের চূড়ান্ড় বিলের সাথে কোম্পানি কর্তৃক গৃহীত মালামালের এমটিভি জমা দিতে হইবে। যদি প্রকৌশলী বা তাহার প্রতিনিধি কর্তৃক ব্যবহৃত উপকরণাদি নিশ্চিতকরণে বিলম্বহেতু ঠিকাদার উদ্বৃত্ত মালামাল ফেরত দিতে না পারেন, তবে তাহা লিখিতভাবে উল্লেখিত সময়ের মধ্যে কোম্পানিকে অবহিত করিতে হইবে।

১০.৬। কোন নির্দিষ্ট প্রকল্পের জন্য ইস্যুকৃত উপকরণসমূহ, যন্ত্রপাতি এবং অন্যান্য সরঞ্জামাদি কোম্পানির প্রকল্প নির্বাহী বিভাগের পূর্বানুমতি ব্যতীত অপর কোন ঠিকাদারকে/পক্ষকে বা অপর কোন প্রকল্পের জন্য হস্তান্তর করা যাইবে না। এই ধারা অমান্যকারী যে কোন ঠিকাদারের তালিকাভুক্তি কোন নোটিশ ছাড়াই সরাসরি বাতিল করা যাইবে। অধিকন্তু ঠিকাদারকে এই কারণে কোম্পানি কর্তৃক এককভাবে ধার্যকৃত জরিমানা পরিশোধ করিতে হইবে।

১০.৭। ঠিকাদার সাইট ক্যাম্পে পাইপ সমূহ মওজুদ/সংরক্ষন এবং পথস্বত্ত্ব বরাবর পাইপ সজ্জিতকরণ এমনভাবে করিবেন যাহাতে পাইপের তলদেশ ভূ-পৃষ্ঠ হইতে যথেষ্ট উঁচুতে থাকে। কোন প্রকল্পের জন্য ইস্যুকৃত পাইপ এবং অন্যান্য উপকরণাদি সংশ্লিষ্ট প্রকল্পের পাইপলাইন নির্মাণ কার্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না। এই ধারা লংঘনকারী ঠিকাদারের তালিকাভুক্তি কোন নোটিশ ছাড়াই সরাসরি বাতিল করা হইবে। অধিকন্তু উক্ত কারণে ঠিকাদারকে কোম্পানি কর্তৃক এককভাবে ধার্যকৃত জরিমানা পরিশোধ করিতে হইবে।

১০.৮। ঠিকাদারগণ র‍্যাপিং সামগ্রীসহ সকল পাইপলাইন অন্তরক উপকরণাদির (Insulating materials) যথাযথ সংরক্ষণের জন্য বিশেষ যত্নবান হওয়ার ব্যাপারে সতর্ক থাকিবেন। এতদলক্ষ্যে ঠিকাদার স্বীয় উদ্যোগে ও স্বব্যয়ে সাইট ষ্টোরে অগ্নি নিরোধক/নির্বাপক ব্যবস্থাসহ পর্যাপ্ত সাবধানী ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০.৯। কোন নির্দিষ্ট প্রকল্পে/কাজে ব্যবহৃত উপকরণাদির জন্য ঠিকাদারের দায়-দায়িত্ব থাকিবে নির্মিত পাইপ লাইন কমিশনিংকরণ পর্যন্ত অথবা প্রকল্পের/লুপের সমূদয় কার্য সমাপ্তির তারিখ হইতে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন পযন্ত, যাহা পূর্বে আসিবে।

১০.১০। যাবতীয় হিসাব বহির্ভূত (Unaccountable) উপকরণাদির জন্য ঠিকাদার সংশ্লিষ্ট উপকরণের প্রতিস্থাপন মূল্য (Replacement Value) অথবা হিসাবমত মূল্য (Book Value) এর মধ্যে যাহা অধিক হইবে, সেই মূল্যের ২০০% (শতকরা দুইশত) কোম্পানিকে পরিশোধ করিবে।

১০.১১। সকল প্রকার স্ক্র্যাপ/নষ্ট উপকরণাদির জন্য (যাহার জন্য ঠিকাদার দায়ী) ঠিকাদার সংশি□ষ্ট উপকরণের প্রতিস্থাপন মূল্য (Replacement Value) অথবা হিসাবমত মূল্য (Book Value), যাহা অধিক হইবে, সেই মূল্যের ১৫০% (শতকরা একশত পঞ্চাশ) কোম্পানিকে পরিশোধ করিবেন। উলে□খ্য যে, মালামালের হিসাব ও নষ্ট হওয়ার ব্যাপারে একই ঠিকাদারের বারংবার উদাসীনতা তাহার তালিকাভুক্তি বাতিলের কারণ বলিয়া পরিগণিত হইবে।

## ১১। <u>কার্য সমাপ্তি (Completion of Work)ঃ</u>

১১.১। কার্যারম্ভের পূর্বে ঠিকাদার কর্তৃক দাখিলকৃত ও কোম্পানি কর্তৃক অনুমোদিত কার্যসূচী/প্রকৌশলী কর্তৃক পরিবর্তিত কর্মসূচী মোতাবেক কাজের প্রতিটি অংশ ঠিকাদার একনাগাড়ে অধ্যবসায়ের সহিত সম্পাদন করিবেন। অনুমোদিত কার্যসূচী মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে কার্য সম্পাদনের জন্য কার্যক্ষেত্রে পর্যাপ্ত এবং উপযুক্ত জনবল, কার্যক্ষম যন্ত্রপাতি ও সরঞ্জাম সরবরাহের জন্য ঠিকাদার প্রতিশ্রুতিবদ্ধ ও দায়বদ্ধ থাকিবেন।

১২। কার্য গ্রহণ ও সনদ প্রদান (Acceptance of Work & Issuance of Certificate) ঃ

১২.১। কোম্পানির একক বিবেচনায় চুক্তি মোতাবেক প্রয়োজনীয় সকল পরীক্ষাসহ সন্তোষজনকভাবে সমুদয় কার্য সমাপ্তি এবং উদ্বৃত্ত মালামাল ফেরত প্রদান সাপেক্ষে কোম্পানির পক্ষে নির্বাহী বিভাগের প্রধান সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রাথমিক গ্রহণ সম্পর্কীয় সনদ (PAC) ইস্যু করিবে। উক্ত সনদ কার্যকরী হইবার তারিখ হইতে ১২ (বার) মাস পরে নির্বাহী বিভাগ কর্তৃক ঠিকাদারকে চূড়ান্ত গ্রহণ সম্পর্কীয় সনদ (FAC) ইস্যু করা হইবে।

১২.২। কোম্পানি কর্তৃক কোন কাজ চূড়ান্তভাবে গ্রহণের পূর্বে কৃত কাজের মধ্যে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা ঠিকাদার সংশোধন করিয়া দিবেন। এই ধরনের ত্রুটি যদি ঠিকাদারের অবহেলা অথবা নিম্নমানের কাজের প্রেক্ষিতে ঘটিয়া থাকে তাহা হইলে উহা মেরামত/সংশোধনের নিমিত্তে প্রয়োজনীয় উপকরণাদি ও জনশক্তির যাবতীয় খরচ ঠিকাদার বহন করিবেন। ঠিকাদার কর্তৃক কৃত কোন নিম্নমানের কাজ অথবা উপকরণকে কোম্পানি যথাসময়ে বাতিল ঘোষণা করিতে ব্যর্থ হইলেও উক্ত ত্রুটিযুক্ত কাজ বা উপকরণ কোম্পানির নিকট গ্রহণযোগ্য হইবে না।

১২.৩। ঠিকাদার যাবতীয় মেরামত কার্য সম্পাদন করিবেন। তবে কোম্পানি প্রদত্ত কোন ত্রুটিযুক্ত উপকরণের জন্য সম্পাদিত মেরামত কাজকে অতিরিক্ত কাজ হিসাবে গণ্য করিয়া ঠিকাদারকে উক্ত মেরামত খরচ পুনর্ভরণ (reimburse) করা হইবে।

১২.৪। ধারা নং- ১২.২ ও ১২.৩ কোনক্রমেই চুক্তি বা চুক্তিভূক্ত গ্যারান্টিসমূহের আওতাধীন ঠিকাদারের কোন দায়কে সীমাবদ্ধ/নিয়ন্ত্রিত বা প্রভাবিত করিবে না।

১২.৫। কার্য সংক্রান্ত কোন সমস্যা দেখা দিলে ঠিকাদার অবিলম্বে তাহা লিখিতভাবে কোম্পানিকে অবহিত করিবেন।

১৩। পেটেন্ট এবং রয়্যালটি (Patents and Royalties)ঃ

১৩.১। চুক্তি বাস্তবায়ন করিতে যাইয়া শর্ত লংঘন পূর্বক কোন পেটেন্টকৃত অথবা পেটেন্ট করা হয় নাই এমন কোন আবিস্কৃত সামগ্রী, মেশিন, যন্ত্রপাতি, অবকাঠামো, উপাদান, ব্যবস্থাপনা উৎকর্ষতা, পদ্ধতি এবং প্রক্রিয়া গ্রহণের প্রকৃত অথবা দাবীকৃত অভিযোগের প্রেক্ষিতে ঠিকাদার বা কোম্পানি বা উভয়ের বিরুদ্ধে দায়েরকৃত যে কোন মামলা অথবা দাবী ঠিকাদার প্রতিরক্ষন (defend) করিবেন এবং এই প্রকার সকল মামলা এবং মামলার প্রেক্ষিতে দেয় কোর্টের যাবতীয় খরচ, এটর্নির ফি ইত্যাদি পরিশোধের দায় হইতে ঠিকাদার কোম্পানিকে মুক্ত রাখিবেন। তবে শর্ত থাকে যে, কোম্পানি কর্তৃক সরবরাহকৃত কোন উপকরণ এই ধারার ক্ষেত্রে প্রযোজ্য হইবে না। বিধি বহির্ভূতভাবে পেটেন্ট ব্যবহারের জন্য যে কোন দাবী বা কোম্পানির বিরুদ্ধে দায়েরকৃত মামলার বিষয়ে কোম্পানি ঠিকাদারকে লিখিত নোটিশ প্রদান করিবে এবং ঠিকাদার নিজ খরচে তাহা মোকাবিলা করিবেন।

১৩.২। ঠিকাদার তাহার সরবরাহকৃত সরঞ্জামাদি ও উপকরণের সমূদয় রয়্যালটি এবং লাইসেন্স ফি পরিশোধ করিবেন।

১৪। <u>নোটিশ (Notices) ঃ</u>

১৪.১। কোন নির্দিষ্ট বিষয় নিয়ন্ত্রনকল্পে দেয় নোটিশ বা আদেশ সম্পর্কে কার্যাদেশ/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে কিছু উলে□খ না থাকিলে চুক্তি সংক্রান্ত যে কোন নোটিশ বা আদেশ লিখিতভাবে হইতে হইবে এবং তাহা কোম্পানি বরাবরে দেওয়া হইয়াছে বলিয়া বিবেচিত হইবে। কার্যস্থলে কোম্পানির প্রতিনিধির কাছে ব্যক্তিগতভাবে হস্তান্তর করিয়া অথবা কোম্পানির রেজিষ্টার্ড অফিসের ঠিকানায় রেজিষ্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করিয়া উক্ত নোটিশ প্রদান করা যাইবে। একইভাবে কার্যস্থলে ঠিকাদার নিয়োজিত প্রতিনিধির কাছে ব্যক্তিগতভাবে হস্তান্তর করিয়া অথবা ঠিকাদারের প্রধান কার্যালয়ের ঠিকানায় রেজিষ্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করিয়া ঠিকাদারকে আদেশ বা নোটিশ প্রদান করা যাইবে।

১৪.২। এইরকম নোটিশ ব্যক্তিগতভাবে দেওয়া হইলে তাহা প্রদানের তারিখেই প্রদত্ত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে এবং যদি রেজিষ্ট্রিকৃত বা সাধারণ ডাকে প্রেরিত হয়, তাহা হইলে ডাকঘর হইতে গ্রহণের তারিখে উক্ত নোটিশ প্রদত্ত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

১৫। <u>সাধারণ ক্ষতিপূরণ ঃ</u>

১৫.১। কার্য নির্বাহকালে কোন সম্পদ হানি অথবা কোন ব্যক্তি বা প্রাণী আহত/আঘাতপ্রাপ্ত অথবা মৃত্যুমুখে পতিত হইলে উহার জন্য যাবতীয় ক্ষতিপূরণের দায়-দায়িত্ব ঠিকাদার বহন করিবেন (এই বিনির্দেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত কোম্পানির দায়-দায়িত্ব ব্যতিরেকে) এবং এই জাতীয় সকল দাবী ও খরচ হইতে কোম্পানি সর্বদা দায়মুক্ত থাকিবে।

১৫.২। কোম্পানির বিরুদ্ধে কোন দাবী পেশ করা হইলে অথবা দাবীর প্রেক্ষিতে কোম্পানির সম্পত্তি দখল/অধিকারভূক্ত করিলে, সেইক্ষেত্রে উক্ত দাবী না মিটানো পর্যন্ত এবং/অথবা দখলকৃত সম্পত্তি মুক্ত না হওয়া পর্যন্ত কোম্পানি ঐ সময়ে বা পরবর্তীকালে ঠিকাদারকে দেয় সম্পূর্ণ অর্থ পরিশোধ স্থগিত রাখিবে।

১৫.৩। ঠিকাদার কার্য সম্পাদনকালীন ক্ষতিপূরণের দাবীসমূহ দ্রুত মীমাংসা করিবেন এবং দাবী নিষ্পত্তির দুইকপি রশিদ গ্রহণ করিয়া একটি কপি কোম্পানিকে প্রদান করিবেন।

১৫.৪। যদি ঠিকাদার কোম্পানীর সিদ্ধান্ত অনুযায়ী (যাহা চূড়ান্ত এবং ঠিকাদারের জন্য বাধ্যতামূলক বলিয়া গণ্য হইবে) ঠিকাদারের দায় হিসাবে বিবেচিত কোন দাবী মিটাইতে ব্যর্থ হয় বা প্রত্যাখ্যান করে, তবে পূর্ববর্তী কোন দায় হইতে অব্যাহতি প্রদান ব্যতিরেকে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কার্যের বিপরীতে যে কোন বা সকল দাবী বা মীমাংসাযোগ্য বিষয় নিষ্পত্তি এবং উপযোজন (adjust) করিবার অধিকার কোম্পানির থাকিবে। সেই ক্ষেত্রে ঠিকাদারকে প্রদেয় অপর যে কোন অর্থ হইতে উক্ত দাবী/দাবী সমূহের বিপরীতে দেয় অর্থ ব্যবকলন (dedcuction) করিয়া কোম্পানি ব্যয় পরিশোধ (reimburse) করিবে।

১৬। <u>বীমা (Insurance) ঃ</u>

১৬.১। চুক্তি/কার্যাদেশ মোতাবেক কার্যাদি সম্পাদন করিতে গিয়া কোন প্রকার সম্পদহানি অথবা কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ বা প্রাণী আহত/আঘাতপ্রাপ্ত অথবা মৃত্যুমুখে পতিত হইলে উহার/উহাদের দায় হইতে কোম্পানিকে মুক্ত রাখিবার জন্য ঠিকাদার কোম্পানির নামে ইস্যুকৃত বীমা পলিসি দাখিল করিবেন, যাহা ঠিকাদার নিজ ব্যয়ে সাধারন বীমা করর্পোরেশন অথবা বাংলাদেশে স্বীকৃত অন্য কোন বীমা কোম্পানী হইতে গ্রহণ করিবেন। এই বীমা পলিসির ন্যূনতম পরিমাণ হইবে নিম্নরূপ ঃ

ক) তৃতীয় পক্ষ বীমা দায় পলিসি ঃ প্রতিটি দূর্ঘটনার/মৃত্যুর জন্য তৃতীয় পক্ষের বীমার দায় হইবে ন্যূনতম টাঃ ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ) মাত্র। এই ক্ষেত্রে দূর্ঘটনার সংখ্যা সীমিত নহে।

খ) শ্রমিক ক্ষতিপূরণ বীমা পলিসি ঃ বিধি মোতাবেক।

১৬.২। তালিকাভুক্তি/নবায়ন এর জন্য মনোনীত ঠিকাদার (গণ) তালিকাভুক্তি গ্রহণ/নবায়নের নির্ধারিত সময়ে পরবর্তী নবায়ন পর্যন্ত মেয়াদকালের জন্য তৃতীয় পক্ষ দায় বীমা পলিসি গ্রহণ করিবেন এবং কার্যাভিপ্রায়পত্র প্রাপ্ত ঠিকাদার সম্পূর্ণ কার্য মেয়াদকালের জন্য শ্রমিক ক্ষতিপূরণ বীমা পলিসি গ্রহণ করিবেন এবং পলিসির মূল কপি কোম্পানির দপ্তরে দাখিল করিবেন। কোন কারণে কার্য সম্পাদনের সময়সীমা বর্ধিত হইলে ঠিকাদার নিজ ব্যয়ে পলিসির মেয়াদও বর্ধিত করিবেন। পলিসিসমূহে এমন শর্ত অর্ন্তভূক্ত থাকিবে, যাহাতে কোম্পানি কর্তৃক ১৫ দিনের অগ্রীম লিখিত নোটিশ ব্যতীত পলিসি বাতিল বা উহার বিষয়বস্তুগত কোন কিছু পরিবর্তন করা যাইবে না।

১৬.৩। ঠিকাদার কর্তৃক প্রয়োজন অনুযায়ী বীমা পলিসি গ্রহণ অথবা ঠিকাদার বা বীমা প্রদানকারী বীমা কোম্পানির আর্থিক অস্বচ্ছলতা বা দেউলিয়াত্ব অথবা ঠিকাদারের বীমার দায় বহনে যে কোন পরিমাণ বীমার টাকা পরিশোধ করিতে বীমা কোম্পানির ব্যর্থতার জন্য চুক্তিবদ্ধ বা সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী প্রভাবিত/ব্যহত হইবে না।

১৭। **মূল্য পরিশোধ (Payment) ঃ**

১৭.১। **কার্য প্রতিবেদন (Statement of Works) ঃ**

চুক্তি/কার্যাদেশ মোতাবেক কোন নির্দিষ্ট প্রকল্প/কাজের জন্য সম্পাদিত কাজের বিপরীতে কোন বিল দাখিলের নিমিত্তে কোম্পানি কর্তৃক ইস্যুকৃত দৈনিক পরিমাপ শীট অনুযায়ী ঠিকাদার মালামাল ও পরিমাপের হিসাব সংক্রান্ত একটি স্বাক্ষরিত কার্য প্রতিবেদন দাখিল করিবেন, যাহার মধ্যে ফিটিংস, যন্ত্রপাতিসহ কোম্পানি প্রদত্ত সকল উপকরণের গ্রহণ, ব্যবহার ও মওজুদের পরিমাণ বর্ণিত থাকিবে। এই প্রতিবেদনে উক্ত কার্যের দফা ও মূল্যের তফসিল মোতাবেক সম্পাদিত কার্যসমূহ এবং অনুমোদিত অতিরিক্ত কাজের (যদি থাকে) বিস্তারিত বিবরণ অর্ন্তভূক্ত থাকিবে।

১৭.২। **চলতি বিল দাখিল (Submission of Running Bill)ঃ**

কোম্পানীর সংশ্লিষ্ট বিভাগ/শাখা কর্তৃক কার্য প্রতিবেদন পরীক্ষান্তে উহা প্রতিস্বাক্ষরিত হওয়ার পর ঠিকাদার যথাশীঘ্র সম্ভব কোম্পানির নিকট মুদ্রিত বিল ফরমে বা কোম্পানির নির্দেশিত রীতিতে চলতি বিল দাখিল করিবেন। এই বিলে সুস্পষ্টভাবে সকল সম্পাদিত কাজের দফাওয়ারী বর্ণনা এবং দরপত্র দলিল মোতাবেক প্রতিটি দফার দর ও মূল্য উল্লেখ করিতে হইবে। প্রতিটি চলতি বিলের বিপরীতে প্রকৃত সম্পাদিত কাজের ন্যূনতম ৭৫% এর কার্যমূল্য ঠিকাদারকে পরিশোধ করা হইবে এবং অবশিষ্ট সর্বাধিক ২৫% এর কার্যমূল্য জামানত বাবদ রাখা হইবে। প্রতিটি চলতি বিলের জামানত হইতে সম্পাদিত কার্যমূল্যের ৫% রক্ষিত অর্থ (retention money) বাবদ রাখিয়া অবশিষ্ট অর্থ প্রাথমিক গ্রহণ সম্পর্কীয় সনদ (PAC) ইস্যুর পরে ফেরতযোগ্য হইবে। উল্লেখ থাকে যে, চুক্তিভূক্ত যে সকল দফার/কাজের দর সাকুল্যে মূল্যে (Lump sum) নির্ধারিত থাকিবে উহার কাজ সম্পূর্ণ সমাপ্ত না হওয়া পর্যন্ত উক্ত দফার/কাজের মুল্য পরিশোধ করা হইবে না। কোন চলতি বিলের পরিশোধযোগ্য নীট অর্থের ন্যূনতম পরিমাণ দরপত্রের বিশেষ ধারায় বর্ণিত থাকিবে, যাহার নিম্নে কোন চলতি বিল পরিশোধের জন্য বিবেচনা করা হইবে না।

১৭.৩। চূড়ান্ত বিল দাখিল (Submission of Final Bill) ঃ

অব্যবহৃত বা উদ্বৃত্ত উপকরণাদি কোম্পানির ভান্ডারে ফেরত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে ঠিকাদার নির্দিষ্ট চুক্তির বিপরীতে তাহার চূড়ান্ত বিল জমা দিবেন। যদি উল্লেখিত সময়ের মধ্যে ঠিকাদার চূড়ান্ত বিল জমা দিতে ব্যর্থ হন তাহা হইলে কোম্পানির সংশ্লিষ্ট বিভাগে এই বিল দাখিল না হওয়া পর্যন্ত ঠিকাদারকে অন্য কোন প্রকল্পের কাজে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না। তবে যদি ১০.৫ ধারায় বর্ণিত বিষয়াদির প্রেক্ষিতে চূড়ান্ত বিল জমা দেওয়া সম্ভব না হয়, তাহা হইলে ঠিকাদার উল্লেখিত সময়ের মধ্যে লিখিতভাবে কোম্পানিকে অবহিত করিবেন।

১৭.৪। মূল্য পরিশোধের শর্তাবলী (Terms of Payment)ঃ

১৭.৪.১।পরিশোধের জন্য ঠিকাদার কর্তৃক দাখিলকৃত চলতি বিল কোম্পানির দপ্তরে গৃহীত হওয়ার পর উহা কার্য প্রতিবেদন এবং দরপত্র দলিলে বর্ণিত দরের সাথে যাচাই করিয়া দেখা হইবে। দর ও হিসাবে যে কোন প্রকার ভুল-ভ্রান্তি বা গড়মিল অথবা কার্য-প্রতিবেদনের সাথে অসামঞ্জস্য ইত্যাদি কোম্পানি কর্তৃক সংশোধন করা হইবে। এই ধরনের সংশোধনী সম্পর্কে ঠিকাদারকে অবহিত করিয়া সমন্বয়কৃত বিল পরিশোধের জন্য পাশ করা হইবে।

১৭.৪.২।ধারা নং- ১৭.২ মোতাবেক প্রকল্প কাজের যে কোন অংশ বিশেষের জন্য চলতি বিল কোম্পানি কর্তৃক গ্রহণের ১৫ (পনের) দিনের মধ্যে চুক্তির শর্তানুযায়ী কোম্পানি ঠিকাদারকে চুক্তি/কার্যাদেশ মূল্যের অংশ বিশেষ হিসাবে পরিশোধ করিবে। ঠিকাদার উল্লেখিত সময়ের মধ্যে উক্ত কার্যমূল্য না পাইয়া থাকিলে লিখিতভাবে তাহা কোম্পানিকে অবহিত করিতে পারিবেন।

১৭.৪.৩।কোম্পানি কর্তৃক প্রাথমিক গ্রহণ সম্পর্কীয় সনদপত্র (PAC) ইস্যু করিবার পর ঠিকাদার বিলের ৫% বাকী রাখিয়া অবশিষ্ট কার্যমূল্য দাবী করিতে পারিবে। চূড়ান্ত গ্রহণ সম্পর্কীয় সনদ (FAC) প্রদান ও নিশ্চয়তা প্রদান (Warranty) সংক্রান্ড় ধারায় উল্লেখিত করণীয় কার্যাদী সম্পাদন; এর মধ্যে যেটি সর্বশেষ হইবে, উহার পরে বাকী ৫% মূল্য পরিশোধ করা হইবে। তবে নিশ্চিত হইতে হইবে যে, ঠিকাদারের নিম্নমানের কাজে ও উপকরণের জন্য কোম্পানি কর্তৃক কোন অর্থ ব্যয় করা হয় নাই। যদি উল্লেখিত কারণে কোম্পানির অর্থ ব্যয় হইয়া থাকে, তাহা হইলে এই ধারা বলে ঠিকাদারকে পরিশোধযোগ্য অর্থ হইতে উক্ত ব্যয়কৃত অর্থ কাটিয়া রাখা হইবে। যদি কোন কারণে চূড়ান্ত বিল দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা প্রক্রিয়াকরণ/পাশ না করা যায়, তাহা হইলে ঠিকাদারের লিখিত অনুরোধের প্রেক্ষিতে চূড়ান্ত বিলের জন্য অনুমোদিত অর্থের ৫০% কোম্পানী ঠিকাদারকে পরিশোধ করিবে।

১৭.৪.৪।ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত এবং ব্যবহৃত উপকরণাদির জন্য অথবা নিম্নমানের কাজের জন্য সৃষ্ট ত্রুটি সমূহ সংশোধনে কোম্পানি কর্তৃক খরচকৃত অর্থ যদি ১৭.৪.৩ ধারা মোতাবেক রক্ষিত অর্থ (retention money) হইতে পরিমানে অধিক হয়, তাহা হইলে প্রকৃত খরচকৃত অর্থ এবং রক্ষিত অর্থের পরিমানের পার্থক্য যাহা হইবে, সেই পরিমাণ অর্থ কোম্পানি ঠিকাদারের কাছে দাবী করিবে এবং ঠিকাদার উহা পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

১৭.৪.৫। চুক্তি বাতিলের পর মূল্য পরিশোধ (Payments after Termination) ঃ

যদি কোম্পানী ২৩ ও ২৪ নং ধারা অনুযায়ী আবদ্ধকৃত কোন চুক্তি বাতিল করে, তাহা হইলে ১৮ নং ধারা মোতাবেক নিশ্চয়তা মেয়াদকাল (Warranty Period) শেষ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট চুক্তির জন্য কোম্পানি কোন প্রকার অর্থ ঠিকাদারকে প্রদান করিতে দায়বদ্ধ থাকিবে না।

১৮। নিশ্চয়তা প্রদান (Warranty) ঃ

১৮.১। ঠিকাদার এই মর্মে নিশ্চয়তা প্রদান করবেন যে, চুক্তির অধীন সম্পাদিত যাবতীয় কার্যাদি দরপত্র দলিলে/চুক্তিপত্রে/কার্যাদেশে বর্ণিত বিনির্দেশাবলী অনুযায়ী এবং "প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা (সর্বশেষ সংস্করণ)" অনুযায়ী সম্পন্ন করা হইয়াছে। ঠিকাদার আরো নিশ্চয়তা বিধান করবেন যে, সম্পাদিত সকল কার্যে কাজের নিম্নমানহেতু কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হইবে না এবং/অথবা ঠিকাদারের কোন কাজ বা ভুলের কারণে প্রাথমিক গ্রহণ সম্পর্কীয় সনদ প্রদানের ১২ (বার) মাসের মধ্যে কোন ত্রুটির সৃষ্টি হইবে না।

১৮.২। এই নিশ্চয়তা প্রদান প্রাথমিক গ্রহণ সম্পর্কীয় সনদ কার্যকরী হওয়ার তারিখ হইতে ১২ (বার) মাস পর্যন্ত বলবৎ থাকিবে।

১৮.৩। এই নিশ্চয়তা প্রদানের আওতায় যে কোন দাবী সম্পর্কে কোম্পানি যথাশীঘ্র ঠিকাদারকে লিখিতভাবে অবহিত করিবে।

১৮.৪। এই ধরনের নোটিশ প্রাপ্তির পর ঠিকাদার যথাশীঘ্র সম্ভব উল্লেখিত ত্রুটিযুক্ত অংশ মেরামত/প্রতিস্থাপন করিবেন, যাহার জন্য কোম্পানি কোন আর্থিক ব্যয়ভার বহন করিবে না।

১৮.৫। যদি ঠিকাদার নোটিশ পাওয়ার পর সংগত সময়কালের মধ্যে কাজের ত্রুটি সংশোধনে ব্যর্থ হন, তাহা হইলে কোম্পানি প্রয়োজন অনুযায়ী ঠিকাদারের দায়িত্বে ও খরচে উক্ত ত্রুটি সংশোধনের উদ্যোগ গ্রহণ করিতে পারিবে এবং ইহার ফলে চুক্তি মোতাবেক ঠিকাদারের উপর প্রযোজ্য কোম্পানির অন্য কোন অধিকার ক্ষুন্ন হইবে না।

১৮.৬। নিশ্চয়তার মেয়াদ সমাপ্তির ১ (এক) মাস পূর্বে ঠিকাদার সম্পাদিত কাজ কোম্পানি কর্তৃক চূড়ান্তভাবে গ্রহণ করিবার নিমিত্তে যৌথভাবে পরিদর্শনের ব্যবস্থা করিবেন।

১৮.৭। যৌথ পরিদর্শনের সময় কাজের কোন ত্রুটি পাওয়া গেলে ঠিকাদার উহা সংশোধন করিবেন। অন্যথায় ১৮.৫ ধারা মোতাবেক কোম্পানি পদক্ষেপ গ্রহণ করিবে।

১৯। মূল্য (Prices)ঃ

১৯.১। চুক্তির অধীনে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের দাবীকৃত মূল্য এবং দরপত্রে ঠিকাদার কর্তৃক উদ্ধৃত মূল্য অভিন্ন হইবে, তবে চুক্তির বিশেষ শর্তাবলী অনুযায়ী এই মূল্য কোন কোন ক্ষেত্রে সমন্বয়যোগ্য হইতে পারে।

১৯.২। কোন নির্দিষ্ট প্রকল্পের/কাজের জন্য সফলকাম ঠিকাদার কর্তৃক প্রদত্ত উদ্ধৃত দরের ভিত্তিতে নিরূপিত মূল্যই প্রকল্পের/কাজের স্থিরকৃত মোট মূল্য (Fixed Price) হিসাবে গণ্য হইবে। কোন কারণে কোম্পানি কর্তৃক ঠিকাদারকে কার্যাদেশ প্রদানে বিলম্ব ঘটিলে উক্ত বিলম্বিত সময়ে এবং/অথবা প্রকল্প কার্য চলাকালীন সময়ে মুদ্রাস্ফীতি/টাকার অবমূল্যায়ন/দ্রব্যমূল্য বৃদ্ধি বা অন্য কোন কারণে প্রকল্পের তফসিলভূক্ত কার্যের সম্পূর্ণ/অংশ বিশেষের দর কোন ক্রমেই পুনঃ মূল্যায়ন/পুনঃ বিবেচনা করা হইবে না।

২০। বিলম্ব (Delays)ঃ

২০.১। যদি কোম্পানির বিবেচনায় কাজের অগ্রগতিতে যে কোন প্রকার বিলম্বের জন্য ঠিকাদার দায়ী হন, তাহা হইলে কোম্পানির অতিরিক্ত অর্থব্যয় ব্যতীত ঠিকাদার আরো অধিক জনশক্তি ও যন্ত্রপাতি ব্যবহার পূর্বক অতিরিক্ত সময়ে কাজ করিয়া উক্ত কার্য সম্পাদন করিবেন, যাহাতে সামগ্রিক কাজটির সময়সূচী সঠিকভাবে বজায় থাকে। এই ক্ষেত্রে প্রকৌশলী বা তাহার প্রতিনিধির সিদ্ধান্ত মানিয়া চলিতে ঠিকাদার বাধ্য থাকিবেন।

২০.২। যদি কোম্পানি কর্তৃক উপকরণাদি সরবরাহে ব্যর্থতা, পথসত্ব প্রদানে অপারগতা অথবা অন্য যে কোন কারণে যাহার দায়িত্ব কোম্পানির উপর বর্তাইবে, ঠিকাদার সম্পূর্ণ বা আংশিকভাবে ধারা নং ২৬ এ বর্ণিত কার্য সাময়িক স্থগিতকরণের সর্বোচ্চ সময়সীমার অধিক সময় একনাগাড়ে কাজ বন্ধ রাখিতে বাধ্য হন, তাহা হইলে ঠিকাদার কার্য বন্ধ হওয়ার জন্য কার্যস্থলে উপস্থিত তাহার জনশক্তি ও যন্ত্রপাতির তালিকাসহ প্রকৌশলী বা তাহার প্রতিনিধির প্রত্যায়িত দৈনিক প্রতিবেদন কোম্পানির দপ্তরে দাখিল করিবেন। অবশ্য এইক্ষেত্রে কাজ বন্ধ হওয়ার কমপক্ষে ২৪ ঘন্টা পূর্বে প্রকৌশলীর কাছে লিখিত নোটিশ প্রদান করিতে হইবে। তবে ঠিকাদার প্রদত্ত লিখিত নোটিশে বর্ণিত তারিখ ও সময়ের পূর্বে কাজ বন্ধ হইয়াছে বলিয়া বিবেচিত হইবে না। কাজ বন্ধ হওয়ার প্রেক্ষিতে দরপত্র দলিলে বর্ণিত 'সমদর তফসিল' অনুযায়ী কোম্পানি ঠিকাদারকে তাহার জনশক্তি ও যন্ত্রপাতি কর্মহীন রাখার কারণে ধারা নং ২৬ এ বর্ণিত কার্য সাময়িক স্থগিতকরণের সর্বোচ্চ সময়সীমার অতিরিক্ত সময়ের জন্য ক্ষতিপূরণ প্রদান করিবে। তবে শর্ত থাকে যে, এইরুপক্ষেত্রে কাজ বন্ধ থাকাকালে চুক্তি মোতাবেক কাজের চাহিদানুযায়ী ঠিকাদারের পর্যাপ্ত জনবল ও যন্ত্রপাতি কর্মস্থলে কর্মক্ষম অবস্থায় সমাবেশকৃত আছে, এই মর্মে প্রকল্প প্রকৌশলীর লিখিত প্রত্যায়ন থাকিতে হইবে।

২০.৩। কোম্পানী কর্তৃক উপকরণাদি সরবরাহ, পথসত্ব প্রদান ও পরিদর্শনের ব্যবস্থা করা সত্বেও যদি ঠিকাদার নিজ কারনে সম্পূর্ণ বা আংশিকভাবে কাজ বন্ধ রাখেন, তাহা হইলে কোম্পানি কর্মহীন জনশক্তি, যাতায়াত খরচ এবং নির্দিষ্ট হারে ওভারহেড হিসাবে ঠিকাদারের কাছে অর্থ দাবী করিবে। এইসব ক্ষেত্রে কাজ বন্ধ হওয়ার ২৪ ঘন্টার মধ্যে কোম্পানি লিখিতভাবে ঠিকাদারকে অবহিত করিবে।

২০.৪। ঠিকাদারের ত্রুটির কারণে প্রকল্পের কাজ সম্পাদনে অস্বাভাবিক বিলম্বের জন্য ঠিকাদারের বিরুদ্ধে নিম্নবর্ণিত এক/একাধিক বা সব কয়টি ব্যবস্থা কার্যকর করা যাইবে ঃ

(ক) নিরাপত্তা জামানত (Performance Security) বাজেয়াপ্তকরণ,
(খ) জরিমানা আরোপকরণ,
(গ) কর্তব্য কর্মে খেলাপের জন্য চুক্তি বাতিলকরণ এবং/অথবা
(ঘ) তালিকাভুক্তি বাতিলকরণ।

২১। **<u>লিকুইডেটেড ক্ষতি ও জরিমানা (Liquidated damage & Penalties)ঃ</u>**

২১.১। চুক্তি/ধারা ভঙ্গের জন্য জরিমানা যদি ঠিকাদার চুক্তির শর্তাবলী অথবা যে কোন ধারা লংঘন/ভঙ্গ করেন, যে কারনে কোম্পানি তাহার সাথে সম্পাদিত চুক্তি বাতিল করিতে পারেন, সেইক্ষেত্রে যদি কোম্পানি চুক্তি বাতিল না করিয়া ঠিকাদারকে কার্য সমাপ্ত করিতে অনুমতি দেয়, তাহা হইলে কোম্পানির একক বিবেচনায় নির্ধারিত হারে ঠিকাদারকে জরিমানা করা হইবে। এইরূপ ক্ষেত্রে প্রতিটি ধারা/শর্ত ভঙ্গ/লংঘনের জন্য জরিমানার পরিমাণ টাকা ১০,০০০.০০ (দশ হাজার) এর কম হইবে না। উক্ত জরিমানা ঠিকাদারের বিল/কোন জামানত হইতে কাটিয়া রাখা হইবে। এই জরিমানা সম্পাদিত কার্য/প্রকল্পের বিষয়ে ঠিকাদারের দায়বদ্ধতা রহিত করিবে না।

২১.২। যদি ঠিকাদার চুক্তির অধীনে এমন কোন ধারা লংঘন করেন, যাহাতে চুক্তি বাতিল করিতে না হয়, তাহা হইলে এইরূপ প্রতিবারে ধারা লংঘনের জন্য ঠিকাদারকে টাকা ২,০০০.০০ (দুই হাজার) করিয়া জরিমানা করা হইবে। তবে ঠিকাদার একক প্রকল্পে/কার্যে এইরূপ তিনবারের অধিক ধারা লংঘন করিলে তাহার সংগে সম্পাদিত চুক্তি বাতিল করা যাইবে। যদি ঠিকাদার কর্তৃক চুক্তির অধীন কোন ধারা লংঘন বা অন্য কোন কারণে ঠিকাদারের সংগে চুক্তি বাতিল করা হয়, তাহা হইলে ঠিকাদার অসমাপ্ত কাজের জন্য লিকুইডেটেড ক্ষতির ক্ষতিপূরণ বাবদ দরপত্রে উদ্ধৃত দরে সাব্যস্তকৃত মোট মূল্যের ২.৫% (আড়াই শতাংশ) হারে কোম্পানিকে প্রদান করিবে। এই ক্ষতিপূরণ সম্পাদিত কার্য বা প্রকল্প বিষয়ে ঠিকাদারের দায়বদ্ধতা রহিত করিবে না।

২১.৩। বিলম্বহেতু লিকুইডেটেড ক্ষতি ঃ

যদি ঠিকাদারের ত্রুটি/অবহেলার কারণে চুক্তির অধীনে প্রকল্পের সমুদয় কার্য চুক্তিবদ্ধ সময়ে অথবা কোম্পানি কর্তৃক অনুমোদিত বর্ধিত সময়ের মধ্যে সম্পন্ন না হয়, তবে প্রতিদিনের বিলম্বহেতু ঠিকাদার লিকুইডেটেড ক্ষতির ক্ষতিপূরণ বাবদ কার্যাদেশ-মূল্যের ০.৫০% (অর্ধ শতাংশ) হারে কোম্পানিকে প্রদান করিবে। তবে কোন একক প্রকল্পে/কাজে সর্বোচ্চ এই ক্ষতিপূরণের পরিমাণ কার্যাদেশ-মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না। উক্ত ক্ষতিপূরণের অর্থ ঠিকাদারের বিল/নিরাপত্তা জামানত (Performance Security) বা অন্য কোন জামানত হইতে কাটিয়া রাখা হইবে। এই ক্ষতিপূরণ তালিকাভুক্তি/চুক্তি/কার্যাদেশের শর্তাবলী, প্রকল্প কার্য সম্পাদন এবং প্রকল্পের বিষয়ে ঠিকাদারের দায়বদ্ধতা রহিত করিবে না।

২১.৪। প্রকল্প চলাকালীন সময়ে কোম্পানির প্রকৌশলী/তাহার প্রতিনিধির সাইট নির্দেশ অমান্য করিলে ঠিকাদারকে প্রতিটি সাইট নির্দেশ অমান্যের জন্য টাকা ১,০০০.০০ (এক হাজার) জরিমানা করা হইবে। জরিমানার এই হার কোম্পানির বিবেচনায় সময় সময় পরিবর্তনযোগ্য।

২১.৫। কোন প্রকল্পের জন্য চুক্তিবদ্ধ ঠিকাদার তাহার দাখিলকৃত কার্যসূচী মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে দরপত্রের চাহিদানুযায়ী পর্যাপ্ত লোকবল, কার্যক্ষম পরিবহন যন্ত্রসহ ব্যবহার্য মালামাল, যন্ত্রপাতি ও সরঞ্জাম কর্মস্থলে সমাবেশ করিতে ব্যর্থ হইলে প্রতিদিনের বিলম্বের জন্য প্রতিটি আইটেমে দৈনিক টাকা ৫০০.০০ (পাঁচশত) হারে জরিমানা করা হইবে। জরিমানার এই হার কোম্পানির বিবেচনায় সময় সময় পরিবর্তনযোগ্য।

২২। অপ্রত্যাশিত দুর্যোগ (Force Majeure) ঃ

২২.১। ইহা স্বীকৃত যে, যে কোন পক্ষ যদি অপ্রত্যাশিত দূর্যোগের কারণে চুক্তির অধীন কার্যসম্পাদনে আংশিক বা সম্পূর্ণভাবে অপারগ হন, তাহা হইলে যে কোন পক্ষ (কোম্পানি অথবা ঠিকাদার) যত শীঘ্র সম্ভব অন্য পক্ষকে বিস্তারিত বিবরণসহ লিখিতভাবে নোটিশ প্রদান করিবে। কার্য সম্পাদনে বিঘ্ন সৃষ্টিকারী এইরূপ ঘটনার পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত কাজ বন্ধ থাকিতে পারে। কিন্তু ইহা দীর্ঘ সময়ের জন্য হইতে পারিবে না, সংগত সময়ের মধ্যেই এই বাধা-বিঘ্ন দূর হইতে হইবে। এই ধারা অনুযায়ী অবশ্য প্রকৃত সম্পাদিত কাজের বিপরীতে ঠিকাদারকে প্রাপ্য অর্থ পরিশোধ করিতে কোন বাধা থাকিবে না। একইরূপে ঠিকাদার কোম্পানীকে যে কোন পাওনা পরিশোধ বা চুক্তি অনুযায়ী দায়-দায়িত্ব পালন করিতে পারিবেন। দূর্যোগের কারণে যে পরিমাণ সময় নষ্ট হইবে, সেই একই পরিমাণ সময় ক্ষতিগ্রস্ত পক্ষকে অতিরিক্ত অনুমোদন দেওয়া হইবে, এইক্ষেত্রে কোন ক্ষতিপূরণ বা অতিরিক্ত খরচ দাবী করা চলিবে না।

২২.২। "অপ্রত্যাশিত দূর্যোগ" বলিতে এখানে হরতাল, লক-আউট, শিল্প কারখানায় সৃষ্ট গোলযোগ, জনশত্রু কর্তৃক সৃষ্ট অবাঞ্ছিত ঘটনা, যুদ্ধ-বিগ্রহ, সাম্প্রদায়িক দাঙ্গা, মহামারী, ভূমিধ্বস, বজ্রপাত, ভূমিকম্প, অগ্নিকান্ড, ঝড়, প্রচন্ড বৃষ্টিপাত, বন্যা, জলোচ্ছ্বাস, বাংলাদেশ সরকার আরোপিত কোন প্রকার নিষেধাজ্ঞা, সরকারের কোন বোর্ড, বিভাগ বা আইনানুগ কর্তৃপক্ষের/এজেন্সীর কর্মবিরতির আদেশ, যাহা শ্রমিক বা উপকরণাদি সরবরাহকারী প্রতিষ্ঠানের/ব্যক্তির প্রতি প্রযোজ্য, আদালত কর্তৃক জারীকৃত নিষেধাজ্ঞা, গ্রেফতার, গণ আন্দোলন, বিস্ফোরণ ইত্যাদিসহ অন্য যে কোন ঘটনা (আর্থিক কারণ ব্যতীত) যাহা কর্মবিরতির জন্য আবেদনকারী পক্ষের নিয়ন্ত্রণ বহির্ভূত এবং সংশ্লিষ্ট পক্ষের প্রচেষ্টা সত্বেও এড়ানো সম্ভব নয় বুঝানো হইতেছে।

২৩। <u>ত্রুটি-বিচ্যুতি প্রতিবিধানের ব্যবস্থা কোম্পানির অধিকার সংরক্ষণ (Proceedings of default Preservation of right of the Company)ঃ</u>

২৩.১। <u>ঠিকাদারকে কারণ দর্শানো এবং কোম্পানির ক্ষমতা সমূহ ঃ</u> যদি ঠিকাদার চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন করিতে গিয়া কোন শর্ত বা প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হন অথবা প্রকৌশলীর কোন লিখিত নির্দেশ পালন করিতে অবহেলা/অপারগতা প্রকাশ করেন, তাহা হইলে পরবর্তী ধারা সমূহ কেন তাহার প্রতি প্রযোজ্য হইবে না, এই মর্মে কোম্পানি তাহাকে লিখিত আদেশক্রমে কারণ দর্শানোর জন্য নোটিশ দিতে পারিবে। এই রকম নোটিশ শুধুমাত্র সংগত কারণেই দেওয়া যাইবে এবং নির্দিষ্টভাবে ঠিকাদারের ত্রুটি-বিচ্যুতি সমূহ নোটিশে উল্লেখ করিতে হইবে। প্রকৌশলীর বিবেচনায় যে সকল ত্রুটি-বিচ্যুতি সংশোধন করা এবং/অথবা সন্তোষজনকভাবে প্রকল্প সমাপ্ত করা সম্ভব ছিল কিন্তু ঠিকাদার তাহা করে নাই, এইরূপ ক্ষেত্রে ঠিকাদারের ব্যর্থতার বিষয়ে কোম্পানি প্রদত্ত উক্ত লিখিত নোটিশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে ঠিকাদার কারণ দর্শাইতে ব্যর্থ হইলে কোম্পানি নিম্নে বর্ণিত যে কোন এক/একাধিক অথবা সব কয়টি ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যাহা কোম্পানির অন্য যে কোন প্রকার অধিকার/ধারা প্রয়োগ বা সংশোধনের অতিরিক্ত হইবে।

২৩.১.১। চুক্তির অধীনে সম্পাদিত কাজের মূল্য পরিশোধ স্থগিতকরণ।

২৩.১.২। সম্পাদনযোগ্য অবশিষ্ট কাজ সম্পূর্ণ বা আংশিকভাবে ঠিকাদারের নিকট হইতে মুক্তকরণ।

২৩.১.৩। চুক্তি বাতিলকরণ।

২৩.২। <u>মূল্য পরিশোধ স্থগিত রাখার মেয়াদ ঃ</u> যদি ২৩.১.১ উপধারা অনুযায়ী কোম্পানি মূল্য পরিশোধ স্থগিত করে তাহা হইলে কাজের ত্রুটি-বিচ্যুতি সংশোধন না করা পর্যন্ত এই স্থগিতকরণ অব্যাহত রাখা যাইতে পারে।

২৩.৩। <u>ঠিকাদারের নিকট হইতে কার্য মুক্তকরণ ঃ</u> যদি কোম্পানী ২৩.১.২ উপ-ধারা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করে তাহা হইলে নিম্নেবর্ণিত ব্যবস্থা সমূহ কার্যকর হইবে ঃ

২৩.৩.১। <u>অন্য ঠিকাদার নিয়োগ - ঠিকাদারের যন্ত্রপাতি ব্যবহারকরণ - মূল্যে ঘাটতি ঃ</u>

কোম্পানি প্রদত্ত কাজের সম্পূর্ণ/অংশ বিশেষ হইতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিরত রাখিয়া অন্য চুক্তির মাধ্যমে এবং/অথবা অপর কোন ঠিকাদার নিয়োগ করিয়া উক্ত কার্য সম্পাদন করিতে পারিবে। এইক্ষেত্রে যাবতীয় যন্ত্রপাতি, উপকরণাদি ও জনশক্তি প্রয়োজনে যোগান দেওয়া হইবে। যদি বাস্তবায়নানুগ হয়, তাহা হইলে বিনির্দেশাবলী অনুসরণ করিয়া এবং প্রতিযোগিতামূলকভাবে প্রাপ্ত নির্ধারিত মূল্যে অবশিষ্ট কার্য সম্পাদন করা হইবে। অধিকন্তু কোম্পানি সংশ্লিষ্ট ঠিকাদারের নিয়োজিত যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং উপকরণসমূহের অধিকারী হইয়া নবনিযুক্ত ব্যক্তিকে প্রদান পূর্বক অবশিষ্ট কাজ সমাপ্ত করিবার ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে। প্রকল্পের কাজ সমাপ্ত হইলে যাবতীয় যন্ত্রপাতি, সরঞ্জামাদি ও উদ্বৃত্ত উপকরণাদি ঠিকাদারকে হস্তান্তর করা হইবে। যন্ত্রপাতি ব্যবহার জনিত কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতি বা ভাঙ্গার জন্য ঠিকাদার (পূর্বতন) কোন ক্ষতিপূরণ/মূল্য বা ভাতা দাবী করিতে পারবে না। এইক্ষেত্রে যদি কার্য সম্পাদনে কোন ত্রুটি দেখা যায়, তাহা হইলে যন্ত্রপাতি, টুলস্ অথবা উপকরণাদি বিক্রয় করা যাইতে পারে এবং বিক্রয়লব্ধ অর্থ দ্বারা ঐ ত্রুটি সংশোধন করা হইবে।

২৩.৩.২। <u>কার্য সম্পাদনে কোম্পানির অতিরিক্ত ব্যয় ঃ</u>

১২.২ নং ধারা অনুযায়ী সম্পাদিত কার্যাদি বুঝিয়া নেওয়ার পর কোম্পানি অনুসন্ধানপূর্বক সম্পূর্ণ কাজের ব্যয় নির্ধারন করিবে, যাহার মধ্যে পূর্ববর্তী ঠিকাদারের কার্যমূল্য পরিশোধ এবং তাহার নিকট হইতে কাজের অংশ বিশেষ মুক্ত করিয়া অন্য ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করিবার সম্পূর্ণ ব্যয় অর্ন্তভূক্ত থাকিবে। নির্ধারিত ব্যয় ঠিকাদার প্রত্যয়ন করিবেন এবং ইহার পরিমান যদি সম্পূর্ণ কাজটি সমাপ্তির প্রেক্ষিতে ঠিকাদারকে পরিশোধযোগ্য টাকার পরিমানের চেয়ে বেশী হয়, তাহা হইলে অতিরিক্ত ব্যয়ের টাকা ঠিকাদারকে (পূর্বতন) পরিশোধযোগ্য টাকা হইতে কর্তন করা হইবে। যদি এই পরিশোধযোগ্য টাকার পরিমান কম হয় এবং অতিরিক্ত ব্যয় কর্তন করা না যায়, তাহা হইলে এই ব্যয়ের টাকা ঠিকাদারের নিকট কোম্পানির পাওনা

থাকিবে, যাহা ২৩.৩.১ উপধারা মোতাবেক এবং/অথবা আদালতের আশ্রয় গ্রহণের মাধ্যমে আদায় করা হইবে।

২৩.৪। কোম্পানীর অধিকার সংরক্ষণ (Preservation of Right of the Company)ঃ

উপধারা ২৩.২ এবং ২৩.৩ মোতাবেক পদক্ষেপ গ্রহণের ফলে সম্পাদিত চুক্তি ক্রটিপূর্ণ/বাতিল হইবে না অথবা ঠিকাদারের নিকট হইতে মূল্য আদায় কিংবা চুক্তি অনুযায়ী পরিশোধযোগ্য টাকা হইতে প্রাপ্ত মূল্য কর্তন করিবার অধিকার ক্ষুন্ন হইবে না।

২৩.৫। চুক্তি বাতিলকরণ (Termination of Contract) ঃ

যদি উপধারা ২৩.১.৩ অনুযায়ী কোম্পানি চুক্তি বাতিল করিবার সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে কোম্পানি লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে তাহা করিতে পারিবে, যাহা নোটিশ প্রদানের তারিখ হইতে কার্যকর হইবে। এই চুক্তি বাতিল করিবার ক্ষেত্রে চুক্তি অনুযায়ী ঠিকাদারের উপর কোম্পানির সংরক্ষিত কোন অধিকার ক্ষুন্ন হইবে না।

২৪। আর্থিক অস্বচ্ছলতার কারণে চুক্তি বাতিলকরণ (Termination for Insolvency)ঃ

২৪.১। যদি ঠিকাদার আর্থিকভাবে দেউলিয়া অথবা অস্বচ্ছল হইয়া পড়েন, তাহা হইলে কোন ক্ষতিপূরণ প্রদান ব্যতীত লিখিত নোটিশ প্রদান করিয়া কোম্পানি যে কোন সময় চুক্তি বাতিল করিতে পারিবে। উল্লেখ্য যে, এই প্রকার চুক্তি বাতিলকরণ-এর ফলে ঠিকাদারের উপর কোম্পানির অধিকার, যাহা কোম্পানির জন্য সংরক্ষিত আছে অথবা পরবর্তীতে অধিকার হিসাবে গণ্য করা হইবে, তাহা ক্ষুন্ন বা ব্যহত হইবে না।

২৫। কোম্পানির স্বার্থে চুক্তি বাতিলকরণ (Termination for Convenience) ঃ

২৫.১। কোম্পানি স্বীয় স্বার্থে যে কোন সময় লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে প্রদত্ত সম্পূর্ণ কাজ বা অংশ বিশেষের চুক্তি বাতিল করিতে পারিবে। চুক্তি বাতিলের নোটিশে, কোম্পানির স্বার্থে চুক্তি বাতিল করা হইয়াছে, বাতিলকৃত কাজের ব্যাপ্তি এবং নোটিশ কার্যকর হওয়ার তারিখ ইত্যাদি সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিবে।

২৫.২। চুক্তি বাতিলের নোটিশ প্রাপ্তির দিন পর্যন্ত ঠিকাদার কাজের যে সমস্ত দফা সমাপ্ত করিয়াছেন, কোম্পানি চুক্তির শর্তাবলী ও দর অনুযায়ী উহার মূল্য পরিশোধ করিবে। অবশিষ্ট সম্পাদনযোগ্য কাজের জন্য কোম্পানি নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে ঃ

(ক) কাজের যে কোন অংশ বিশেষ চুক্তির শর্তাবলী এবং দর অনুযায়ী অপর কোন ঠিকাদার মারফত সম্পাদন করা।

(খ) কাজের অংশ বিশেষ সম্পাদনের জন্য নির্ধারিত মূল্য ঠিকাদারকে পরিশোধ করিয়া অবশিষ্ট কাজ বাতিল করিয়া দেওয়া।

২৬। প্রকল্পে/কার্যের সাময়িক স্থগিতকরণ (Temporary Suspension)ঃ

যদি কোম্পানি সড়ক/মহাসড়ক/খাল/নদী/রেলপথ অতিক্রমের জন্য অনুমতি/পথস্বত্ব, মালামাল বা কোন প্রয়োজনীয় তথ্য ঠিকাদারকে সরবরাহ করিতে না পারে, তাহা হইলে কোম্পানি যে কোন সময়ে বা নির্মাণ কার্যের যে কোন পর্যায়ে ঠিকাদারকে ২৪ ঘন্টার অগ্রীম নোটিশ প্রদান পূর্বক প্রকল্পের সম্পূর্ণ কাজ বা অংশ বিশেষের কাজ স্থগিত রাখিতে পারিবে। এইরূপ ক্ষেত্রে কোম্পানি ঐ স্থগিত সময়ের জন্য ঠিকাদারকে কোন ক্ষতিপূরণ প্রদান না করিয়া বিলম্বিত সময়ের সমপরিমাণ সময় বর্ধিত করিবে, যাহার পরিমাণ একনাগাড়ে সর্বোচ্চ ২০ (বিশ) দিনের বেশী হইবে না।

২৭। সালিশী (Arbitration)ঃ

কার্য সম্পাদনকালীন অথবা কার্য সমাপ্তির পর যে কোন সময় যদি চুক্তির অধীন বা চুক্তির বহির্ভূত কোন প্রকার বিতর্ক, মতপার্থক্য বা প্রশ্ন উত্থাপিত হয়, তাহা হইলে কাজের অগ্রগতি ব্যহত করা যাইবে না বরং অবিলম্বে তাহা সালিশী কমিটির কাছে প্রেরণ করিতে হইবে। এই সালিশী কমিটি প্রতিটি পক্ষের একজন করিয়া মোট দুইজন সদস্য নিয়া গঠিত হইবে। সালিশী কমিটি আবার একজন তৃতীয় ব্যক্তিকে 'আম্পায়ার' হিসাবে নিয়োগ করতঃ সালিশকার্য সম্পাদন করিবেন। এই সালিশ আরবিট্রেশন এ্যাক্ট, ১৯৪০ মোতাবেক পরিচালিত হইবে এবং তাহা অনুষ্ঠিত হওয়ার স্থান হইবে ঢাকা, বাংলাদেশ। যদি কোম্পানি লিখিতভাবে চুক্তি অনুযায়ী সম্পাদনযোগ্য কাজ সম্পূর্ণ বা আংশিক স্থগিত না করে তাহা হইলে সালিশী চলাকালীন সময়েও কার্য সম্পাদন অব্যাহত থাকিবে।

২৮। আইনের প্রতিপালন (Compliance of Laws) ঃ

২৮.১। ঠিকাদার সরকার প্রবর্তিত সকল প্রকার আইন, বিধি, উপ-বিধি, অধ্যাদেশ এবং অন্যান্য নিয়মকানুন এবং বাংলাদেশে প্রযোজ্য যে কোন কর্তৃপক্ষের সময়ে সময়ে প্রবর্তিত নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন। উল্লেখিত আইন ও নিয়মকানুন পালনে ব্যর্থতার কারণে ঠিকাদার যাবতীয় ক্ষতিপূরণ ও জরিমানা প্রদান করিবেন এবং এই প্রকার সকল দায়-দায়িত্ব হইতে কোম্পানিকে মুক্ত রাখিবেন। উল্লেখিত আইন, অধ্যাদেশ, নিয়ম কানুন ইত্যাদি পালনে যদি কোন অতিরিক্ত ব্যয় সাব্যস্ত হয়, তাহা হইলে এই ব্যয় বাবদ টাকার পরিমান দরপত্রে দেয় দরের সাথে অর্ন্তভূক্ত হইয়াছে বলিয়া ধরিতে হইবে। পরবর্তীতে এই ধরনের কোন দাবী কোম্পানি বিবেচনা করিবে না।

২৮.২। নোটিশ এবং ফি (Notices & Fees) ঃ

বিনির্দেশে যদি উল্লেখ না করা থাকে তাহা হইলে ঠিকাদার ২৮.১ উপধারায় বর্ণিত আইন, নিয়ম কানুন, বিধি, উপ-বিধি ও অধ্যাদেশ এর প্রেক্ষিতে প্রয়োজনীয় সকল নোটিশ প্রদান এবং এতদসংক্রান্ত সকল ফি পরিশোধ করিবেন।

২৯। ট্যাক্স (Taxes) ঃ

ঠিকাদার যে কোন আইন, নিয়মকানুন এর অধীনে পরিশোধযোগ্য ভ্যাটসহ সকল প্রকার ট্যাক্স ও শুল্ক যেমন- যন্ত্রপাতি, সরঞ্জাম, প্ল্যান্ট এবং অন্যান্য সকল বস্তুর আমদানী ও স্থানান্তর, কর্মচারীদের বেতনের উপর ধার্য কর, যন্ত্রপাতি স্থানান্তরের সময় আবগারী শুল্ক, যাহা সরকার এবং/অথবা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ধার্য করা হইবে, সবই পরিশোধ করিবেন। ইহাছাড়া যে কোন পারমিট, লাইসেন্স, সনদপত্র, মঞ্জুরী অথবা চুক্তিভূক্ত কার্য/প্রকল্প সম্পূর্ণভাবে বা আংশিকভাবে সম্পন্ন করনার্থে পূর্বোক্ত কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত/গঠিত যে কোন আইন, ধারা, অধ্যাদেশ, নিয়ম-বিধি মোতাবেক যে কোন প্রয়োজনীয় দলিল/কাগজ পত্রাদি সংগ্রহ করণের ব্যবস্থা এবং আনুসঙ্গিক কার্যাদি ঠিকাদার তাহার নিজ খরচে ও উদ্যোগে সম্পন্ন করিবেন।

৩০। <u>কার্যস্থল (Site of Work)ঃ</u>

৩০.১। <u>কার্যস্থলের দখল (Possession of site)ঃ</u>

কোম্পানি যুক্তিসংগত সময়ের মধ্যে ঠিকাদারকে কার্যস্থলের দখল প্রদান করিবে। এই ব্যাপারে কোন বিলম্ব চুক্তি ভঙ্গ হিসাবে বিবেচিত হইবে না অথবা এই জন্য ঠিকাদার কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না। কিন্তু কোম্পানি কর্তৃক কার্য সমাপ্তির জন্য পর্যাপ্ত অতিরিক্ত সময় মঞ্জুর করা হইবে। কার্যস্থলের

দখল প্রদানের অর্থ ইহা নয় যে, ঠিকাদারকে এই স্থানের একচেটিয়া দখল দেওয়া হইবে, বরং শুধু চুক্তি মোতাবেক কার্য সম্পাদনের জন্য যৌক্তিক প্রয়োজনে সাময়িকভাবে এই দখল দেওয়া হইবে। এই শর্তানুযায়ী প্রকল্প প্রকৌশলী যে কোন সময় প্রয়োজনবোধে অন্য কোন কাজ সম্পাদন করিতে অথবা যে কোন উদ্দেশ্যে কার্যস্থলের যে কোন অংশের দখল গ্রহণ করিতে পারিবেন।

৩০.২। <u>পথস্বত্বের অনুমতি ঃ</u>

কাজের অগ্রগতি অব্যাহত রাখিবার জন্য কোম্পানি নির্মাণ কাজ শুরু করিবার পূর্বে পথস্বত্ব অনুমতি সংগ্রহ করিবে।

৩০.৩। <u>পথস্বত্বের পরিমাপ ঃ</u>

নক্সায় প্রদর্শিত পরিমাপ অনুযায়ী পাইপলাইন রুট বরাবর কোম্পানি পথস্বত্ব গ্রহণ করিবে এবং ঠিকাদার অবশ্যই পথস্বত্বের সীমারেখা মানিয়া চলিবেন।

৩১। <u>চাপ পরীক্ষণ এবং রেডিওগ্রাফীর মূল্য (Cost of Test & Radiography)ঃ</u>

চাপ পরীক্ষা বাবদ মূল্য দরপত্রে উলে□খিত দর অনুযায়ী হইবে এবং কোন অতিরিক্ত মূল্য প্রদান করা হইবে না।

৩১.১। চাপ পরীক্ষান্তে সম্পাদিত কাজে ত্রুটি পরিলক্ষিত হইলে ঠিকাদার ত্রুটি নির্ধারন এবং দক্ষতার সাথে তাহা মেরামত করিবেন। এই রকম অবস্থায় কোম্পানি নতুনভাবে রেকর্ডার স্থাপনের জন্য অথবা স্থাপিত রেকর্ডার অতিরিক্ত সময় ব্যবহারের জন্য ঠিকাদারের নিকট হইতে মূল্য আদায় করিবে।

৩১.২। <u>মেরামত বাবদ মূল্য ঃ</u>

যদি দরপত্রে নির্দিষ্টভাবে কিছু উলে□খ না থাকে অথবা প্রাপ্ত ত্রুটির কারণ ঠিকাদারের নিয়ন্ত্রণের বহির্ভূত ছিল- এমনটা প্রকৌশলী বিবেচনা না করেন, তাহা হইলে পাইপ লাইনের যে কোন ত্রুটি মেরামত এবং পুনঃ পরীক্ষা বাবদ সমূদয় খরচ ঠিকাদার বহন করিবেন।

৩১.৩। <u>রেকর্ডার ঃ</u>

প্রথমবারে পরীক্ষার জন্য কোম্পানি বিনামূল্যে রেকর্ডার সরবরাহ করিবে। পরবর্তী প্রতিটি পরীক্ষার জন্য ঠিকাদারকে নিম্নোক্ত হারে মূল্য পরিশোধ করিতে হইবে ঃ

৩১.৩.১। প্রতিবারের অসন্তোষজনক ফলাফলের ক্ষেত্রে ১৫০ পিএসআইজি ও তদুর্ধ্ব চাপ বিশিষ্ট পাইপ লাইনের জন্য টাঃ ৫,০০০.০০ (টাকা পাঁচ হাজার) মাত্র এবং ১৫০ পিএসআইজি এর নিম্নের চাপ বিশিষ্ট পাইপ লাইনের জন্য টাঃ ১,০০০.০০ (টাকা এক হাজার) মাত্র হারে।

৩১.৩.২। ঠিকাদার কর্তৃক অহেতুক বিলম্ব অথবা তাহার ত্রুটির কারনে রেকর্ডার স্থাপন করা সম্ভব না হইলে প্রতিটি ঘটনার ক্ষেত্রে ১৫০ পিএসআইজি ও তদুর্ধ্ব চাপ বিশিষ্ট পাইপ লাইনের জন্য টাঃ ১,০০০.০০ (টাকা এক হাজার) মাত্র এবং ১৫০ পিএসআইজি এর নিম্নে চাপ বিশিষ্ট পাইপ লাইনের জন্য টাঃ ৫০০.০০ (টাকা পাঁচশত) মাত্র হারে। উল্লেখিত উভয় ক্ষেত্রেই মূল্য পরিশোধের এই হার কোম্পানি কর্তৃক সময় সময় পরিবর্তনযোগ্য। নির্মিত পাইপ লাইনে রেকর্ডার যতক্ষণ সংযুক্ত থাকিবে, ততক্ষন পর্যন্ত রেকর্ডারের নিরাপদ রক্ষণাবেক্ষনের দায়িত্ব সংশ্লিষ্ট ঠিকাদার পালন করিবে এবং রেকর্ডারের কোন ক্ষয়ক্ষতি হইলে অথবা খোয়া গেলে উহার জন্য কোম্পানি কর্তৃক সাব্যস্তকৃত হারে ঠিকাদার ক্ষতিপূরণ প্রদান করিবে।

৩১.৪। <u>চাপ পরীক্ষণের জন্য ওয়েল্ডিং (Welding for Testing Arrangement)ঃ</u>

চাপ পরীক্ষণের নিমিত্তে প্রয়োজনীয় ওয়েল্ডিং ও আনুসঙ্গিক কার্যাদির মূল্য দরপত্রে উল্লেখিত পরীক্ষা, গেজিং, পিগিং, পার্জিং এবং জলমুক্তকরণ ইত্যাদি কাজের জন্য ঠিকদার কর্তৃক প্রদত্ত দরের মধ্যে অর্ন্তভূক্ত বিবেচনা করা হইবে, ইহার জন্য অতিরিক্ত কোন খরচ প্রদান করা হইবে না।

৩১.৫। কোম্পানি নিজ দায়িত্বে রেডিওগ্রাফী পরীক্ষা সম্পন্ন করিবে। প্রথমবারে পরীক্ষার জন্য ঠিকাদারের নিকট হইতে কোন মুল্য আদায় করা হইবে না। তবে পরীক্ষায় কোন ত্রুটিযুক্ত বা অসম্পূর্ণ ওয়েল্ডিং পাওয়া গেলে তাহা মেরামত/সংশোধনের পরে পুনরায় রেডিওগ্রাফী (রি-শট) করিবার ক্ষেত্রে প্রতিটি শটের জন্য ঠিকাদারের নিকট হইতে কোম্পানি কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট হারে মূল্য আদায় করা হইবে। এই মূল্যহার কোম্পানির বিবেচনায় সময় সময় পরিবর্তনযোগ্য।

৩২। বর্ণিত শর্তাবলী ব্যতীত সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সংশ্লিষ্ট নিয়মাবলী এবং পিপিআর সংক্রান্ত শর্তাবলী অনুসৃত হইবে।

*****